কিস্তি! কিস্তি!! কিস্তি!!!
minister
টাকা ছাড়াই পণ্য নিন
মাসে মাসে কিস্তি দিন
এসি, ফ্রিজ ও এলইডি টিভিতে চলছে
0% ডাউন পেমেন্টে সহজ কিস্তি সুবিধা
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

minister ফ্রিজ
ফ্রিজ দৈনিক কিস্তি
৳১০০ মাত্র
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700

বৃহস্পতিবার বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৫৪ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ০১ আষাঢ় ১৪৩০ ॥ ২৫ জিলকদ ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা ১৫ জুন ২০২৩



## ডা. বদরুদ্দোজা চৌধুরীর প্রথাবিরোধী চিকিৎসা ব্যবস্থাপত্র !

**রাজীব আহমেদ :** পাকিস্তান আমলে জনৈক রোগী দীর্ঘদিন ধরে নানান রোগে ভুগে নাস্তানাবুদ হয়ে শেষমেশ তৎকালীন খ্যাতিমান চিকিৎসক ডা. বদরুদ্দোজা চৌধুরীর শরণাপন্ন হন। তিনি অনেকক্ষণ ধরে রোগীর কেস হিস্ট্রি নিয়ে চিন্তাভাবনা করলেন। তারপর প্রেস্ক্রিপশনে একটি মাত্র ওষুধই লিখে দিলেন এবং সেই নিয়মে দুই সপ্তাহ চলার পরে আবার তাঁর সঙ্গে দেখা করতে বললেন।

রোগী চিকিৎসকের চেম্বার থেকে বেরিয়ে রীতিমতো বিপাকে পড়ে গেলেন। কেননা আশেপাশের বা পাড়ার সব ওষুধের দোকানে ঘুরেও সেটি পাওয়া গেল না; কেউ ওই ওষুধের নামই শোনেনি! অবশেষে রোগী গেলেন তৎকালীন জিন্নাহ্ (বর্তমানে গুলিস্তান সংলগ্ন বঙ্গবন্ধু)

২-এর পাতায় দেখুন

## বিসিএস, ‘নন-ক্যাডারে’ নিয়োগ জটিলতা কাটল

**নিজস্ব প্রতিবেদক :** যেসব বিসিএসের বিজ্ঞপ্তিতে নন-ক্যাডার পদে কতজনকে নিয়োগ দেওয়া হবে, সেই সংখ্যার উল্লেখ ছিল না, সেসব বিএসএস থেকেও এখন নন-ক্যাডার পদে নিয়োগ দেওয়া যাবে।

বিসিএসের চূড়ান্ত ফলাফলে উত্তীর্ণ হলেও বিধিমালার কারণে যাদের ২-এর পাতায় দেখুন



## টিকিট পেতে ৩০ মিনিটে ৪০ লাখ হিট, মুহূর্তেই শেষ ট্রেনের সব সিট

**নিজস্ব প্রতিবেদক :** আগামী ২৯ জুনকে ঈদুল আজহা ধরে গতকাল বুধবার সকাল ৮টায় একযোগে ওয়েবসাইট ও মোবাইল অ্যাপে ট্রেনের অগ্রিম টিকিট বিক্রি শুরু করেছে বাংলাদেশ রেলওয়ে। টিকিট বিক্রি শুরুর কিছুক্ষণের মধ্যেই ২-এর পাতায় দেখুন




## দেশের তৃতীয় ভাসমান এলএনজি টার্মিনাল হচ্ছে মহেশখালীতে

**নিজস্ব প্রতিবেদক :** কক্সবাজারের মহেশখালীতে দেশের তৃতীয় ভাসমান এলএনজি টার্মিনাল (এফএসআরইউ) স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে সরকার। এ টার্মিনালের সক্ষমতা হবে ৬০০ এমএমসিএফ। ভাসমান এলএনজি টার্মিনালটি স্থাপনের লক্ষ্যে ২-এর পাতায় দেখুন



মার্কিন স্যাংশন

# শেখ হাসিনার অবস্থানের প্রতি চীনের সমর্থন

**নিজস্ব প্রতিবেদক :** মার্কিন নিষেধাজ্ঞা নিয়ে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার অবস্থানের প্রতি দৃঢ় সমর্থন জানিয়েছে চীন। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ওয়াং ওয়েনবিন বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা শুধু বাংলাদেশের জনগণের পক্ষে শক্ত অবস্থান নিয়েই কথা বলেছেন এমন না। তিনি কথা বলেছেন, আন্তর্জাতিক সম্প্রদায়ের বড় একটি অংশের হয়ে, বিশেষ করে উন্নয়নশীল বিশ্বের



হয়ে। চীনের সরকারি সংবাদ মাধ্যম গে-াবাল টাইমসকে তিনি এ কথা বলেছেন। ওই সাক্ষাৎকারের চুম্বক অংশ ঢাকাস্থ চীনা দূতাবাসের ফেসবুক পেইজে প্রকাশ করা হয়েছে।

এতে প্রশ্নোত্তর আকারে চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র, পররাষ্ট্র মন্ত্রণালয়ের তথ্য বিভাগের উপপরিচালক ওয়াং ওয়েনবিনের মন্তব্য প্রকাশ পেয়েছে। তার কাছে জানতে চাওয়া হয়, সম্প্রতি আমরা ২-এর পাতায় দেখুন

# খালেদা জিয়ার মুক্তির জন্য সরকারের কাছে আবেদন করতে চাই বিএনপি

**নিজস্ব প্রতিবেদক :** বেগম জিয়ার মুক্তির জন্য উদ্যোগ নেয়া হয়েছে। আর এই উদ্যোগের অংশ হিসেবে দুই রকমের পদক্ষেপ গ্রহণ করছে বিএনপি ও বেগম জিয়ার পরিবার। প্রথম উদ্যোগ হিসেবে তারা আগামী দু-একদিনের মধ্যেই ও সরকারের কাছে একটি আবেদন করবে। এ আবেদনে বেগম খালেদা জিয়ার অসুস্থতার সর্বশেষ অবস্থা উল্লেখ করে তাকে উন্নত চিকিৎসার জন্য বিদেশ যাওয়ার অনুমতি চাওয়া হবে। এই অনুমতি প্রাপ্তি সাপেক্ষে বেগম খালেদা জিয়া বিদেশ যেতে পারবেন বলে আশা করা হচ্ছে। এই উদ্যোগ গ্রহণ ২-এর পাতায় দেখুন

## খালেদার মুক্তি নিয়ে সরকার কোনো চাপে নত হবে না : কাদের

**নিজস্ব প্রতিবেদক :** “বাংলাদেশ কোনো দেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ করেনি। অন্যদেশের হস্তক্ষেপও যুক্তিযুক্ত মনে করি না।” বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার ‘মুক্তি’ বিষয়ে সরকার বাইরের কোনো চাপের কাছে ‘নতি স্বীকার করবে না’ বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সরকারের সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেছেন, ২-এর পাতায় দেখুন



## এবার চাহিদার চেয়ে কোরবানির পশু ২১ লাখ বেশি : প্রাণিসম্পদ মন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক :** মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী শ ম রেজাউল করিম বলেছেন, এ বছর কোরবানির পশুর সম্ভাব্য চাহিদা এক কোটি তিন লাখ ৯৪ হাজার ৭৩৯টি। সে হিসেবে এ বছর ২১ লাখ ৪১ হাজার ৫৯৪টি পশু বেশি আছে।

তিনি বলেন, দেশে কোরবানির পশুর কোনো ঘাটতি বা সংকট নেই। গত চার-পাঁচ বছরের মতো এবারও দেশে উৎপাদিত গবাদিপশু দিয়েই কোরবানির চাহিদা মেটানো সম্ভব হবে। বিদেশ থেকে পশু আমদানির কোনো প্রয়োজন নেই।

গতকাল বুধবার সচিবালয়ে আসন্ন ঈদুল আযহা ২০২৩ উপলক্ষে কোরবানির পশুর চাহিদা নিরূপণ, সরবরাহ এবং দেশের প্রত্যন্ত অঞ্চলে ২-এর পাতায় দেখুন



## ঝিনাইদহে ঈদুল আযহা উপলক্ষে ফ্যামেলি কার্ডের মাধ্যমে টিসিবির পণ্য বিক্রি শুরু

**নিজস্ব প্রতিবেদক :** ঈদুল আযহা উপলক্ষে ঝিনাইদহে ফ্যামেলি কার্ডের মাধ্যমে টিসিবির পণ্য বিক্রি শুরু হয়েছে। বুধবার সকালে শহরের শিশু একাডেমী চত্বরে এ কার্যক্রমের উদ্বোধন করা হয়।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাদিয়া জেরিনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন জেলা তথ্য অফিসার আবু বকর সিদ্দিক, শিশু বিষয়ক কর্মকর্তা আইয়ুব আলী, সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা, টিসিবির সহকারী পরিচালক আতিকুর রহমান, ২-এর পাতায় দেখুন

# দেশের যত উন্নয়ন তা বিগত ১৪ বছরে হয়েছে : সংসদে আব্দুল হাই এমপি

**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০০৯ সালে ক্ষমতায় আসার পর বিগত ১৪ বছরে যা উন্নয়ন হয়েছে তা এর আগে কোন সরকার করতে পারেনি। ক্ষমতাসীন আওয়ামী লীগ সরকারের আমলে বাংলাদেশে ব্যাপক অর্থনৈতিক অগ্রগতি সাধিত হয়েছে। বুধবার সংসদে প্রস্তাবিত বাজেটে ধন্যবাদ প্রস্তাবের ওপর আলোচনায় নির্ধারিত বক্তব্যে ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি ও ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই এ কথা বলেন।



আব্দুল হাই এমপি আরও বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ আজ উন্নতীর চরম শিখরে পৌঁছেছে। ডিজিটাল বাংলাদেশ এখন স্মার্ট বাংলাদেশে রূপ নিচ্ছে। যা বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার চেষ্টায় হয়েছে।

তিনি আরও বলেন, ‘একসময়কার বাংলাদেশ দারিদ্র্যপীড়িত, বন্যা, খরা ও প্রাকৃতিক দুর্যোগের দেশ বলে পরিচিতি পেত। এখন সেই অবস্থা নেই। এখন বাংলাদেশ বিশ্বের ৩৫তম বৃহত্তম অর্থনীতির দেশ। উন্নয়নের রোল মডেল এখন বাংলাদেশ।

বিদ্যুতের দাবিতে বিদ্যুতের আলোয় হারিকেন মিছিল করা বিএনপির নেতাকর্মীদের ধিক্কার জানিয়ে বলেন, দেশকে অস্থিতিশীল করতে একটি কুচক্রী মহল উঠে পড়ে লেগেছে। সড়ক বাতির আলোয় হারিকেন হাতে বিএনপির মিছিল হাস্যকর ছাড়া কিছু না।



## ঝিনাইদহে বাল্য বিবাহ ও যৌতুক প্রথা রোধে উঠান বৈঠক অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ বাল্য বিবাহ ও যৌতুক প্রথা রোধে করনীয় শীর্ষক উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। সকালে উপজেলা প্রশাসন ও তথ্য কেন্দ্রের আয়োজনে সদর উপজেলার লৌহজঙ্গা গ্রামে এ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়। এসময় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাদিয়া জেরিনের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন সদর উপজেলা সহকারী কমিশনার ভূমি শারমীন আক্তার সুমি, পদ্মাকর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বিকাশ কুমার বিশ্বাস, সদর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আরতি দত্ত। পরে পদ্মাকর ইউনিয়ন পরিষদ চত্বরে ২-এর পাতায় দেখুন

# ঝিনাইদহে আওয়ামী লীগের বিক্ষোভ মিছিল ও সমাবেশ




**নিজস্ব প্রতিবেদক :** বিএনপি জামায়াতের নৈরাজ্য ও সামাজিক যোগাযোগ মাধ্যমে গুজব ছড়ানোর প্রতিবাদে ঝিনাইদহে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে আওয়ামী লীগ।

বুধবার দুপুরে শহরের পায়রা চত্বর থেকে জেলা আওয়ামী লীগের পক্ষ থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে পোস্ট অফিস মোড়ে গিয়ে শেষ হয়। মিছিলে জেলা ২-এর পাতায় দেখুন

## চুয়াডাঙ্গার সন্তান সাবেক সচিব আছিয়া দুদক কমিশনার হলেন

**নিজস্ব প্রতিবেদক :** দুর্নীতি দমন কমিশনে কমিশনার পদে নিয়োগ পেয়েছেন সাবেক সচিব মোছা. আছিয়া খাতুন। তিনি সরকারি কর্মকমিশনের সচিব হিসেবে অবসরে গিয়েছিলেন। তাকে মঙ্গলবার দুদকে কমিশনার হিসেবে নিয়োগ দেন রাষ্ট্রপতি। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে তার নিয়োগের এই প্রজ্ঞাপন হয়।

দুদক কমিশনার হিসাবে আছিয়া হাই কোর্ট বিভাগের একজন বিচারকের অনুরূপ বেতন-ভাতা, অন্যান্য সুবিধা ও পদমর্যাদা পাবেন। আছিয়া দুদকে মোজাম্মেল হক খানের স্থলাভিষিক্ত হচ্ছেন। ২০১৮ সালের ২ জুলাই দুদকে কমিশনার হিসেবে যোগ দেওয়া মোজাম্মেলের দায়িত্ব পালনের মেয়াদ শেষ হবে আগামী ১ জুলাই। তখন এই পদে দায়িত্ব নেবেন ২-এর পাতায় দেখুন




# মেহেরপুরের গাংনীতে বিষপ্রয়োগ করে দু’কোটি টাকার ক্ষতি

**নিজস্ব প্রতিবেদক :** মেহেরপুরের গাংনীর এলাঙ্গী বিলে মাছের ঘেরে বিষ প্রয়োগ করেছে দুর্বৃত্তরা। মঙ্গলবার দিবাগত রাতে এ ঘটনা ঘটে। এতে অন্ততঃ দু’কোটি টাকার মাছ মারা গেছে বলে দাবী করেছেন মৎস্য ঘেরের মালিক গাংনী পৌর মেয়র আহম্মেদ আলী। অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) ঘটনাস্থল পরিদর্শন করে।



ঘের মালিক ও গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী জানান, এলাঙ্গী বিলের ৪৫ বিঘা জলকরে ৯০ লাখ টাকার পোনা ছাড়া হয়। দেশিসহ নানা প্রজাতির মাছগুলো বড় হয়ে অন্ততঃ তিন কোটি টাকার মাছ হয়েছে। মাছের ঘেরে নিরাপত্তার জন্য সিসি ক্যামেরা লাগানো ছিল। বিদ্যুত লাইন ও সিসি ক্যামেরার লাইন কেটে অন্ধকারে মাছের ঘেরে বিষপ্রয়োগ করে দুর্বৃত্তরা। সকালে কর্মচারীরা লক্ষ্য করে মাছ ধীরে ধীরে মারা যাচ্ছে। এতে অন্ততঃ দু’কোটি টাকার মাছ মারা গেছে এবং সেগুলো খাবার ২-এর পাতায় দেখুন

## চুয়াডাঙ্গায় স্বস্তির বৃষ্টি



**এম এ মতিন :** টানা তাপদাহ, ভ্যাপসা গরম ও লোডশেডিং এ যখন জনজীবন বিপর্যস্ত ঠিক তখন চুয়াডাঙ্গায় ঝরছে স্বস্তির বৃষ্টি। গরমের কাছে সাধারণ মানুষ ছিল অসহায়। ঘরের বাইরে বের হওয়া ছিল কষ্টকর। বৃষ্টি শুরুর পর থেকে জেলার বুধবার বিকেলে বৃষ্টি শুরু হয়। চুয়াডাঙ্গা আবহাওয়া অফিসের পর্যবেক্ষক রাকিবুল হাসান বলেন, ‘টানা কয়েক দিন চুয়াডাঙ্গায় মাঝারি থেকে তীব্র তাপদাহ অব্যাহত ছিল। বুধবার বিকেলে বৃষ্টি শুরু হয়। বৃষ্টির সঙ্গে ঝড়ো বাতাস আর বজ্রপাত অব্যাহত রয়েছে।’ গরমে পাশাপাশি লোডশেডিং বেড়ে যাওয়ায় দুর্ভোগ চরম আকার ধারণ করেছিল। বৃষ্টি শুরু হওয়ায় আবহাওয়া অনেকটা স্বাভাবিক হতে শুরু ২-এর পাতায় দেখুন

## দামুড়হুদায় জেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদকে সংবর্ধণা প্রদান

**দামুড়হুদা প্রতিনিধি :** চুয়াডাঙ্গার দামুড়হুদায় জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজি সহিদুল ইসলামকে সংবর্ধণা দেয়া হয়েছে। একই সাথে নতুন বাস্তপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আমজাদ হোসেন ও সহকারী শিক্ষক হাফিজুল ইসলামকে সংবর্ধণা দেয়া হয়। এ উপলক্ষে মঙ্গলবার বিকেলে নতুন বাস্তপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। দামুড়হুদা উপজেলা ২-এর পাতায় দেখুন






চুয়াডাঙ্গা জেলার প্রথম দৈনিক "দৈনিক মাথাভাঙ্গা”
ঝিনাইদহ জেলার প্রথম দৈনিক "দৈনিক ঝিনাইদহ"
এবং "দৈনিক অধিবেশন" পত্রিকার
অন্যতম প্রতিষ্ঠাতা
জাতীয় দৈনিক মুক্তকণ্ঠ", "দৈনিক মানবকণ্ঠ", Times world, HelloToday
পত্রিকার শীর্ষ পদে একদা দায়িত্ব পালনকারী সাংবাদিক-সম্পাদক
আলী কদর পলাশ সম্পাদিত
দৈনিক এই আমার দেশ Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com
দৈনিক গড়ব বাংলাদেশ একসাথে গড়ব দেশ
নিয়মিত পড়ুন এবং বিজ্ঞাপন দিন





## পোড়হাটি ইউনিয়নে সামাজিক গণ সচেতনতামূলক আলোচনা ও মতবিনিময় সভা

**নিজস্ব প্রতিবেদক :** গন্ডগোল ও সহিংসতাকে না বলুন, সামাজিক সম্প্রীতি বজায় রাখুন এ প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহের পোড়হাটি ইউনিয়নে সামাজিক গণ সচেতনতামূলক আলোচনা ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। পোড়াহাটি ইউনিয়ন পরিষদের আয়োজনে মঙ্গলবার পোড়হাটি ইউনিয়ন পরিষদ কার্যলয়ে এ সচেতনতামূলক আলোচনা ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পোড়াহাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ শহিদুল ইসলাম ২-এর পাতায় দেখুন


বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন



ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা
মোঃ আব্দুল হাই এমপি’র নেতৃত্বে
১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত
১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com
এখন নতুন আঙ্গিকে
সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন
তানভীর হাসান (জিসান হাই)
নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
# এই আমার দেশ
Daily Eai Amar Desh  e-paper.eaiamardesh.com  www.eaiamardesh.com
বৃহস্পতিবার ১৫ জুন ২০২৩

# গাংনীতে কিশোরদের হাতে দ্রুতগামী মোটরসাইকেল

**ঘটছে দুর্ঘটনা অকালে ঝরছে তরতাজা প্রাণ কেউ বা হচ্ছে চীরতরে পঙ্গু**



**বিশেষ প্রতিবেদক :** মেহেরপুরের গাংনীতে শিশু কিশোরদের হাতে রয়েছে নামী দামী ব্রান্ডের দ্রুতগামী মোটরসাইকেল। আর এসব যান নিয়ে দাপিয়ে বেড়াচ্ছে শহর ও গ্রামাঞ্চলের রাস্তা। ঘটছে দুর্ঘটনা। প্রাণহানী ঘটছে অনেকের। আবার কেউ কেউ পঙ্গু হচ্ছে চীরতরে। তার পরও থামানো যাচ্ছে না ওই সব কিশোরদের। ট্রাফিক পুলিশেরও কোন উদ্যোগ চোখে পড়ে না।
দেখা গেছে, গাংনীর বিভিন্ন সড়ক মহাসড়কে শিশু ও কিশোররা দ্রুত বেগে মোটর সাইকেল চালাচ্ছে। নামী দামী ব্রাণ্ডের এসব মোটর সাইকেলের কোন রেজিস্ট্রেশন নেই। অন্যদিকে চালকদেরও নেই কোন ড্রাইভিং লাইসেন্স। ফলে হরহামেশা দূর্ঘটনা ঘটছে। গাংনীর স্বাস্থ্য কমপ্লেক্স ও বিভিন্ন ক্লিনিকের তথ্যানুযায়ি গাংনীতে ৬ মাসে ৪১ টি মোটর সাইকেল দূর্ঘটনা ঘটে। এতে দুই জনের মৃত্যু হয়। আহত ও চীরতরে পঙ্গুত্ব বহনকারীরা এখন সংসারের বোঝা হয়ে দাঁড়িয়েছে। অনেকেই জিবন জীবীকার তাগিদে করছে ভিক্ষা বৃত্তি।
প্রাপ্ত তথ্যমতে, গত ৩ মে রুয়েরকান্দি মাঠের রাস্তায় মোটর সাইলে নিয়ন্ত্রণ হারিয়ে আহত হয়ে মৃত্যু হয় ওই গ্রামের কিশোর সবুজ। নতুন পালসার মোটরসাইকেল চালাতে দ্রুত বেগে চালাতে গিয়ে এ দুর্ঘটনাটি ঘটে। কিশোর বয়সে বিয়ে করার পর শশুরবাড়ি থেকে যৌতুক নেয় একটি পালসার মোটর সাইকেল। নব বধুকে নিয়ে দ্রুত বেগে মোটর সাইকেল চালানোর সময় নিয়ন্ত্রণ হারিয়ে দূর্ঘটনায় সে মারা যায়। পঙ্গুত্ব বরণ করেন তার স্ত্রী জুলেখা।
বেশ কয়েকজন অভিভাবকের সাথে আলাপ কালে তারা জানান, কিশোররা দেখা দেখি মোটর সাইকেলের বায়না ধরে। কিনে না দিলে স্কুল কলেজে যেতে চায় না। এমনকি আত্ম হত্যারও হুমকী দেয়। ফলে ২-এর পাতায় দেখুন

## খুলনায় জামানত হারাচ্ছেন ৩ মেয়র প্রার্থী

**নিজস্ব প্রতিবেদক :** খুলনা সিটি কর্পোরেশন (কেসিসি) নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। ঘোষিত ফলাফলে বৈধ ভোটের আট ভাগের এক ভাগ ভোট না পাওয়ায় তিন মেয়র প্রার্থী জামানত হারাচ্ছেন। গত সোমবার (১২ জুন) সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত বিরতিহীনভাবে ইলেক্ট্রনিক ভোটিং মেশিনে (ইভিএম) ভোটগ্রহণ হয়। ভোটগ্রহণ শেষে রাত ৯টার দিকে মেয়র পদে বেসরকারিভাবে ফলাফল ঘোষণা করেন কেসিসি নির্বাচনের রিটার্নিং কর্মকর্তা মো. আলাউদ্দীন।
ঘোষিত ফলাফল অনুযায়ী, এবারের নির্বাচনে ৫ লাখ ৩৫ হাজার ৫২৯ জন ভোটারের মধ্যে ভোট দিয়েছেন ২ লাখ ৫৭ হাজার ৯৩৬ জন। যার মধ্যে ১ হাজার ৬৫৯ ভোট বাতিল হয়েছে। আর বৈধ ভোটের সংখ্যা ২ লাখ ৫৬ হাজার ২৭৭। ৪৮ দশমিক ১৭ শতাংশ ভোট কাস্ট হয়েছে।
কেসিসি নির্বাচনের রিটার্নিং কর্মকর্তা মো. আলাউদ্দীন বলেন, কোনো প্রার্থীকে জামানত রক্ষা করতে হলে মোট প্রদত্ত বৈধ ভোটের আট ভাগের এক ভাগ ভোট পেতে হবে। নির্বাচন কমিশনের বিধিমালা অনুযায়ী, কোনো প্রার্থীকে জামানত রক্ষা করতে হলে মোট প্রদত্ত বৈধ ভোটের আট ভাগের এক ভাগ বা বা ১২ দশমিক ৫ শতাংশ ভোট পেতে হবে। সেই অনুযায়ী কেসিসি নির্বাচনে ৩২ হাজার ২৪২ ভোটের কম পাওয়ায় তিন মেয়র প্রার্থী জামানত হারাচ্ছেন।



ঝিনাইদহ জেলা পরিষদের সরকারি কর্মকর্তার জন্য তৈরী করা বাসভবনটি প্রায় ৬/৭ বছর খালি অবস্থায় পড়ে আছে। ব্যবহার না করায় ইমারত ও আনুসাঙ্গিক স্থাপনা দীর্ঘদিন ব্যবহার না করায় নষ্ট হয়ে যাচ্ছে। এ বিষয়ে অনুরূপ কার্যক্রম নিচ্ছে না। ফলে সরকার লক্ষ লক্ষ টাকার রাজস্ব আয় থেকে বঞ্চিত হচ্ছে।

## কুষ্টিয়ার গড়াই নদীতে নিখোঁজ ঢাবি ছাত্রের মরদেহ উদ্ধার

**নিজস্ব প্রতিবেদক :** কুষ্টিয়ার গড়াই নদীতে গোসল করতে নেমে নিখোঁজ হওয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ফার্মেসি বিভাগের ছাত্র তানভীরের (২৩) মরদেহ পাওয়া গেছে। গতকাল বেলা ১১টার দিকে ডুবে যাওয়া স্থানের ১ হাজার ফুট ভাটিতে তার মরদেহ ভেসে ওঠে।
তানভীরের বাড়ি বরগুনা জেলায়। তিনি ঢাবির ফার্মেসি বিভাগের শেষ বর্ষের শিক্ষার্থী ছিলেন।সোমবার বিকেল সাড়ে ৩টার দিকে কুষ্টিয়ার কুমারখালী উপজেলার মাস-উদ-রুমী সেতু সংলগ্ন রেল ব্রিজের নিচে পাঁচ বন্ধু নদীতে গোসল করতে নামলে তিনজন তলিয়ে যান। বাকিরা তীরে ভিড়লেও নিখোঁজ হন তানভীর।

## ৫৩৮ হজযাত্রীর টাকা নিয়ে এজেন্সি উধাও

**নিজস্ব প্রতিবেদক :** ৫৩৮ জন হজযাত্রীর টাকা নিয়ে একটি হজ এজেন্সি উধাও হওয়ার অভিযোগ উঠেছে। বুধবার (১৪ জুন) দুপুরে রাজধানীর শ্যামপুর থানা এলাকার জুরাইনে অবস্থিত ওই এজেন্সিতে এসে বিক্ষোভ করেছেন ভুক্তভোগী সাধারণ হজযাত্রীরা। খবর পেয়ে শ্যামপুর ২-এর পাতায় দেখুন

## সাংবাদিক বসিরের তাওই'র মৃত্যুতে শোক প্রকাশ



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ প্রেসক্লাবের সদস্য ও দৈনিক বিজনেস স্ট্যান্ডার্ড পত্রিকার জেলা প্রতিনিধি বসির আহাম্মেদ এর তাওই তার ছোট ভগ্নিপতি বিপলুর পিতা কালীগঞ্জ উপজেলার বারোবাজার তেঁতুলবাড়িয়া গ্রামের সকলের পরিচিত মুখ ডাক্তার সদর উদ্দিন বুধবার সকাল আনুমানিক ৭ ঘটিকার সময় ষ্ট্রোকে আক্রান্ত হয়ে যশোর মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার পথে বারোবাজার নামকস্থানে পৌছালে তার মৃত্যু হয় (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। বুধবার আসর বাদ মরহুমের নামাজের জানাজা শেষে পারিবারিক কবরস্থানে দাফন সম্পন্ন হয় বলে জানা গেছে। অপরদিকে সাংবাদিক বসির আহাম্মেদের তাওই এর মৃত্যুতে শোক প্রকাশ করে বিবৃতি প্রদান করেছেন ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি ও একুশে টিভির জেলা প্রতিনিধি এম রায়হান, সহ-সভাপতি ও এসএটিভির জেলা প্রতিনিধি ফয়সাল ২-এর পাতায় দেখুন

## সালাম মুর্শেদীর বাড়ির অনুসন্ধানে দুদককে শেষবার সময় বেধে দিল হাইকোর্ট


**নিজস্ব প্রতিবেদক :** বাফুফের সিনিয়র সহসভাপতি ও সংসদ সদস্য আব্দুস সালাম মুর্শেদীর বিরুদ্ধে দুর্নীতির মামলার অনুসন্ধান ২০ জুলাইয়ের মধ্যে সম্পন্ন করতে দুদককে শেষবাবের মত সময় দিলেন হাইকোর্ট। গতকাল বুধবার বিচারপতি নজরুল ইসলাম তালুকদার ও বিচারপতি খিজির হায়াত খানের দ্বৈত বেঞ্চ এ সময় বেধে দেন। এর আগে দুর্নীতি দমন কমিশনের আইনজীবী খুরশীদ আলম খান আদালতের কাছে সময় আবেদন করে জানান, অনুসন্ধান প্রায় শেষ পর্যায়ে আছে।
মামলার নথি থেকে জানা যায়, সালাম মুর্শেদীর গুলশানের বাড়িটি পরিত্যক্ত হিসেবে তালিকাভুক্ত।

## লালমনিরহাটে জেন্ডার বৈচিত্র্য জনগোষ্ঠীর সামাজিক অন্তর্ভূক্তি ও নাগরিক অধিকার প্রাপ্তিতে সংলাপ



**রশিদুল ইসলাম রিপন, স্টাফ রিপোর্টার :** কিশোর কিশোরীদের যৌন ও প্রজনন স্বাস্থ্য এবং অধিকার নিশ্চিত করার লক্ষ্যে ব্র্যাকের সামাজিক ক্ষমতায়ন এবং আইনি সুরক্ষা কর্মসূচি (সেল্প)'র অধিকার এখানে, এখনই(আরএইচআরএন-২) প্রকল্পের উদ্যোগে জেন্ডার বৈচিত্র্য জনগোষ্ঠীর সামাজিক অন্তর্ভূক্তি ও নাগরিক অধিকার প্রাপ্তিতে সংলাপ সভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল বুধবার সকাল ১০ টায় লালমনিরহাট জেলা প্রশাসক সম্মেলন কক্ষে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ব্র্যাক জেলা সমন্বয়কারী মো: আশরাফুল আলম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, লালমনিরহাট জেলা প্রশাসক মোহাম্মদ উল্যাহ। বিশেষ অতিথি ছিলেন জেলা শিক্ষা অফিসার আব্দুল বারী, উপজেলা সমাজ সেবা অফিসার নুর-ই-জান্নাত। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক মোহাম্মাদ উল্যাহ বলেন ব্র্যাক কে ধন্যবাদ জানাই যে সময় উপযোগী উদ্যোগ গ্রহন করেছে। বর্তমান সরকার হিজড়া জনগোষ্ঠীর জন্য নান-াবিধ কর্মসূচি গ্রহণ ২-এর পাতায় দেখুন

## সাংবাদিক আসিফ কাজলের পিতার আজ ১২তম মৃত্যু বার্ষিকী



মোঃ আইয়ুব হোসেন বিশ্বাস

**প্রেস বিজ্ঞপ্তি :** বাংলাদেশ টেলিভিশনের সাবেক জেলা প্রতিনিধি ঝিনাইদহের সিনিয়র সাংবাদিক আসিফ কাজলের পিতা মরহুম আইয়ুব হোসেন বিশ্বাসের ১২তম মৃত্যু বার্ষিকী আজ (বৃহস্পতিবার ১৫ জুন ২০২৩)।
প্রতি বছরের ন্যায় দিবসটি পালনে পারিবারিক ভাবে বিস্তারিত কর্মসুচি গ্রহন করা হয়েছে।
এ উপলক্ষ্যে মরহুমের রুহের মাগফেরাত কামনায় ঝিনাইদহ সদর উপজেলার বংকিরা গ্রামে মাজার জিয়ারত, মিলাদ ও দোয়া মাহফিলের আয়োজন অনুষ্ঠিত হবে। উল্লেখ্য ২০১১ সালের ১৫ জুন দর্শনা সুগার মিলের সাবেক সিডিএ মরহুম আইয়ুব হোসেন বিশ্বাস বার্ধক্য জনিত কারণে ঝিনাইদহ সদর উপজেলার বংকিরা গ্রামে ইন্তেকাল করেন।

## আবারো পুলিশের খুলনা রেঞ্জে শ্রেষ্ঠ চুয়াডাঙ্গা জেলা



**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** আবারো খুলনা রেঞ্জের শ্রেষ্ঠ জেলা, শ্রেষ্ঠ সার্কেল, শ্রেষ্ঠ এসআই এবং শ্রেষ্ঠ এএসআই'র কৃতিত্ব অর্জন করেছে চুয়াডাঙ্গা জেলা পুলিশ।মঙ্গলবার খুলনা রেঞ্জ ডিআইজির কনফারেন্স রুমে ডিআইজিমঈনুল হক বিপিএম (বার), পিপিএম'র সভাপতিত্বে মে মাসের অপরাধ পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। অপরাধ পর্যালোচনা সভায় মে মাসের তদন্ত ও অপরাধ দমন কর্মকান্ড পর্যালোচনায় খুলনা রেঞ্জর শ্রেষ্ঠ জেলা, শ্রেষ্ঠ সার্কেল, শ্রেষ্ঠ এসআই এবং শ্রেষ্ঠ এএসআই এর কৃতিত্ব অর্জন করেছে বলে ঘোষণা দেওয়া হয়। রেঞ্জ ডিআইজি মঈনুল হক বিপিএম (বার), পিপিএম'র নিকট হতে চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন শ্রেষ্ঠ জেলার পুরস্কার, সহকারি পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, শ্রেষ্ঠ এসআই(নিঃ)/ শহিদুল বাশার এবং শ্রেষ্ঠ এএসআই(নিঃ)/ মোঃ রওশন আলী পুরস্কার গ্রহণ করেন। উল্লেখ্য, গত মার্চ মাসের তদন্ত ও অপরাধ দমন কর্মকান্ড পর্যালোচনায় রেঞ্জের শ্রেষ্ঠ জেলা হিসেবে চুয়াডাঙ্গা এবং জানুয়ারি ২-এর পাতায় দেখুন

## গরমে অসুস্থ হয়ে ডুমুরিয়ায় স্কুলছাত্রের মৃত্যু, রূপসায় ৫ পরীক্ষার্থী হাসপাতালে

**নিজস্ব প্রতিবেদক :** পরীক্ষা দিতে যাওয়ার পথে ডুমুরিয়ায় হৃদরোগে আক্রান্ত হয়ে স্কুল শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। অপরদিকে পরীক্ষা চলাকালে অতিরিক্ত গরম ও বিদ্যুৎ না থাকায় রূপসা বালিকা বিদ্যালয়ের ৫জন শিক্ষার্থী গুরুতর অসুস্থ হয়ে পড়ে। পরবর্তীতে তাদের রূপসা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।
ডুমুরিয়ায় মৃত শিক্ষার্থী হল সুরজিত বসাক। ডুমুরিয়া উপজেলার রংপুর কালীবাটী মাধ্যমিক বিদ্যালয়ের সপ্তম শেণির ছাত্র। সে ওই এলাকার অনপতি বসাকের ছেলে। রূপসা উপজেলায় আহত শিক্ষার্থীরা হল, ১০ম শ্রেণীর মুনিয়া, ৬ষ্ঠ শ্রেণীর তনুসকা শীল, বৈশাখী, রেক্সনা ও সানজিদা।
মৃতের পারিবারিক সূত্রে জানা গেছে, মঙ্গলবারে সুরজিত বসাক রংপুর কালীবাটী মাধ্যমিক বিদ্যালয়ে পরীক্ষা দিতে যায়। যাওয়ার পথে প্রচন্ড গরমে অসুস্থ হয়ে পড়ে সে। অসুস্থ অবস্থায় ডুমুরিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক শিক্ষার্থীকে মৃত ঘোষণা করেন। এ সংবাদ ছড়িয়ে পড়লে এলাকাসহ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে শোকের ছায়া নেমে আসে। ডুমুরিয়া থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেখ কনি মিয়া হৃদ রোগে আক্রান্ত হয়ে সুরজিত বসাকের মৃত্যুর ২-এর পাতায় দেখুন

## মেহেরপুরে পর্যটন শিল্পের ভূমিকা শীর্ষক কর্মশালা




**মেহেরপুর প্রতিনিধি :** মেহেরপুরে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ভূমিকা শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকাল সাড়ে ১১ টার সময় জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে সাংবাদিক মুক্তিযোদ্ধা সুধীজন ও জনপ্রতিনিধিদের নিয়ে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম। মূল প্রবন্ধ পাঠ করেন আরডিসি রনি ইসলাম। প্রবন্ধে বাংলাদেশকে স্মার্ট করে গড়ে তুলতে করণীয় বিভিন্ন বিষয় ও সরকারের বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে জানানো হয়।
এ সময় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস, সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ রফিকুল ইসলাম ও নিরাপদ খাদ্য অফিসার সজীব পাল । কর্মশালাতে নিরাপদ খাদ্য ও পর্যটন শিল্পের উন্নতি নিয়ে প্রশ্ন করেন ২-এর পাতায় দেখুন

## দেবহাটায় পিকআপের চাকায় পিষ্ট হয়ে যুবক নিহত

**নিজস্ব প্রতিবেদক :** সাতক্ষীরার দেবহাটায় পিকআপের চাকায় পিষ্ট হয়ে তৌসিফ বিশ্বাস নামের এক যুবক নিহত হয়েছে। গত মঙ্গলবার রাত সাড়ে ৯টার দিকে দেবহাটা উপজেলাধীন সাতক্ষীরা-কালিগঞ্জ সড়কের সখিপুর হাজী কেয়ামউদ্দীন মেমোরিয়াল মহিলা কলেজের সামনে এ ঘটনা ঘটে।
নিহত যুবক মোঃ তৌসিফ বিশ্বাস (৩০) সাতক্ষীরা সদর উপজেলার ব্রক্ষারাজপুর গ্রামের মোঃ দুঃখি বিশ্বাসের ছেলে। তৌসিফ বিশ্বাস সাতক্ষীরার খান মার্কেটে একটি জুয়েলার্সে কারিগর হিসেবে স্বর্ণালঙ্কার তৈরির কাজ করতেন বলে জানা গেছে। পুলিশ সূত্র জানায়, ২-এর পাতায় দেখুন



## বাসায় ঢুকে মা-মেয়েকে কুপিয়ে হত্যা, আটক ১

**নিজস্ব প্রতিবেদক :** নোয়াখালীর সদর উপজেলায় নিজেদের বাসায় ঢুকে মা-মেয়েকে এলোপাতাড়ি কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। এ ঘটনায় পুলিশ তাৎক্ষণিক একজনকে আটক করে। তবে এই হত্যাকান্ডের কোন কারণ জানাতে পারেনি পুলিশ। নিহতরা হলেন, নোয়াখালী পৌরসভার ৫ নম্বর ওয়ার্ডের ফজলে আজিম কচি মিয়ার স্ত্রী নূর নাহার বেগম (৪৫) ও তার স্কুল পড়ুয়া মেয়ে ফাতেমা আজিম প্রিয়ন্তী। গতকাল বুধবার বেলা পৌনে ১১টার দিকে নোয়াখালী পৌরসভার ৫নম্বর ওয়ার্ডের গুপ্তাংকের বার্লিংটন মোড় সংলগ্ন কচি মিয়ার বাসায় এই ঘটনা ২-এর পাতায় দেখুন

## দামুড়হুদায় অসুস্থ বীর মুক্তিযোদ্ধাদের মাঝে হুইল চেয়ার বিতরণ




**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গার দামুড়হুদায় অসুস্থ বীর মুক্তিযোদ্ধাদের মাঝে হুইল চেয়ার বিতরণ করা হয়েছে। বুধবার বেলা ১২ টার দিকে চুয়াডাঙ্গা জেলা পরিষদের পক্ষ থেকে ৫ জন অসুস্থ বীর মুক্তিযোদ্ধাকে হুইল চেয়ারগুলো প্রদান করা হয়। এ উপলক্ষে বেলা সাড়ে ১১ টার দিকে উপজেলা পরিষদ সভাকক্ষে আলোচনা সভা অনুর্ষ্ঠিত হয়। দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতার সভাপতিত্বে আলোচনাসভায় প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু। বিশেষ ২-এর পাতায় দেখুন

## মেহেরপুরের কবি-সংগঠক বেগম সফুরা রাজ্জাক আর নেই



**মেহেরপুর প্রতিনিধি :** মেহেরপুরের কবি, সংগঠক বেগম সফুরা রাজ্জাক আর নেই। তিনি বুধবার মেহেরপুর শহরের কাঁসারীপাড়া প্রধান সড়কস্থ নিজ বাড়িতে বার্ধক্যজনিত কারণে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। স্বাধীনতা উত্তর ও স্বাধীনতা সময়ে তিনি কবি, নারী সংগঠক ও সমাজকর্মী হিসেবে ব্যাপক পরিচিত পান। মহিলা সমিতির প্রথম সংগঠক ছিলেন তিনি। তিনি মেহেরপুরের বিশিষ্ট আইনজীবি ও মুক্তিযুদ্ধের সংগঠক মরহুম আব্দুর রাজ্জাকের স্ত্রী ও মেহেরপুর প্রেসক্লাবের সাবেক সভাপতি রুহুল কুদ্দুস টিটোর মাতা। তার ছোট পুত্র ব্যাবসায়ী আহসান রাজিব অপু মৃত্যুকালে মায়ের শয্যাপাশে ছিলেন। নারী জাগরণ ও নারী ২-এর পাতায় দেখুন




## মেহেরপুরে ওরেন্টেশন কোর্স অনুষ্ঠিত

**মেহেরপুর প্রতিনিধি :** জাতীয় যক্ষা নিয়ন্ত্রণ কর্মসূচির আওতায় মেহেরপুর জেলা সিভিল সার্জন অফিসের উদ্যোগে ওরেন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়েছে। বুধবার দুপুরে সিভিল সার্জন এর অফিস মিলনায়তনে ওরেন্টেশন কোর্স অনুষ্ঠিত হয় ।সিভিল সার্জন ডাঃ জওয়াহেরুল আনাম সিদ্দিকীর সভাপতিত্বে ওরেন্টেশন কোর্সে মূল প্রতিপাদ্যের উপর আলোচনা করেন মেহেরপুর সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডাঃ হোমায়রা ।অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট ২-এর পাতায় দেখুন




সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ,** ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই)**,ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল,** নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।**। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮**

## সম্পাদকীয়

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

### বেসিক ব্যাংক কেলেঙ্কারি

# অনিয়মের সঙ্গে জড়িতদের সাজা নিশ্চিত হোক

সোনালী ব্যাংকে হলমার্ক কেলেঙ্কারির পর বেসিক ব্যাংকের লুটপাট ছিল এ সময়ের সবচেয়ে বড় আর্থিক কেলেঙ্কারি। আর বেসিক ব্যাংক কেলেঙ্কারিতে বেশি আলোচিত নাম ব্যাংকটির সাবেক চেয়ারম্যান আবদুল হাই বাচ্চু। অনিয়ম-দুর্নীতি করেও দীর্ঘ সময় তিনি বাইরে থেকেছেন। অবশেষে এ কেলেঙ্কারির ঘটনায় বাচ্চুসহ ১৪৭ জনের বিরুদ্ধে চার্জশিট অনুমোদন দিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। চার্জশিটে ২ হাজার ২৬৫ কোটি ৬৮ লাখ টাকা আত্মসাতের অভিযোগ আনা হয়েছে। গত সোমবার বেসিক ব্যাংকের অর্থ আত্মসাৎ-সংক্রান্ত ৫৯টি মামলার অভিযোগপত্র চূড়ান্ত করে। এর মধ্যে শেখ আবদুল হাইকে ৫৮টিতে আসামি করা হয়। শুরু থেকে এই ব্যাংকে অনিয়মের জন্য বাচ্চুকে দায়ী করে বিভিন্ন গণমাধ্যমে খবর প্রকাশিত হয়েছে। বেসিক ব্যাংককে একা ডুবিয়েছেন তিনি। আমরা আশা করব, আর্থিক খাতের এমন ব্যক্তিদের বিচারের মাধ্যমে শাস্তি দেয়া হলে নজির সৃষ্টি হবে। সরকারি খাতের ভালো ব্যাংক হিসেবে একসময় পরিচিত ছিল বেসিক ব্যাংক। এই ব্যাংকে লুটপাট শুরু হয় আবদুল হাই বাচ্চু চেয়ারম্যান হিসেবে নিয়োগ পাওয়ার পর থেকেই। বাংলাদেশ ব্যাংকের এক তদন্তে ধরা পড়ে, ২০০৯ সালের সেপ্টেম্বর থেকে শেখ আবদুল হাই ব্যাংকটির চেয়ারম্যান হওয়ার পর থেকে ২০১৩ সালের মার্চ পর্যন্ত বেসিক ব্যাংক ৬ হাজার ৬৭৩ কোটি টাকা ঋণ দেয়। এর মধ্যে প্রায় সাড়ে ৪ হাজার কোটি টাকাই দেয়া হয় নিয়ম ভেঙে। ২০০৯ থেকে ২০১২ সালের মধ্যে বেসিক ব্যাংকের গুলশান, দিলকুশা ও শান্তিনগর শাখা থেকে সাড়ে ৩ হাজার কোটি টাকা ঋণ কেলেঙ্কারির ঘটনা ঘটে। অর্থনীতি ও উন্নয়নের অন্যতম চালিকাশক্তি ব্যাংকিং খাতে বিশৃঙ্খলার খবর পুরনো। চরম অনিয়ম, দুর্নীতি, অব্যবস্থাপনা এবং নামসর্বস্ব প্রতিষ্ঠানকে ঋণ দেয়ায় সংকট তৈরি হয়েছে। ব্যবসা পরিচালনার নামে দেশের রাষ্ট্রায়ত্ত ব্যাংক থেকে বিশাল অঙ্কের টাকা নিয়ে হজম করে ফেলেছেন সংশ্লিষ্ট ব্যবসায়ীরা। যেহেতু ব্যাংকিং খাতের টাকা জনগণের কষ্টার্জিত অর্থের আমানত, তাই এ খাতের দুর্বৃত্তদের কোনো ধরনের ছাড় দেয়ার অবকাশ নেই। বর্তমানে ব্যাংক খাতে সবচেয়ে বড় সমস্যা সমাধানে আমাদের ব্যাংক খাতে ব্যাপক সংস্কারের মাধ্যমে খেলাপি ঋণের পরিমাণ কমিয়ে আনতে হবে। জানা গেছে, রাষ্ট্রায়ত্ত ব্যাংকে ব্যবস্থাপনা পরিচালক পদে রাজনৈতিকভাবেই পরিবর্তন আসে। এতে ব্যাংকগুলোতে রাজনৈতিক প্রভাব তো রয়েছেই, সেই সঙ্গে কোটি কোটি টাকা লেনদেন ছাড়া এমডি ও সিইও নিয়োগ হয় না। নিয়োগের পেছনে যারা টাকা ব্যয় করে তারা মূলত কোটি কোটি টাকার ঋণখেলাপি। রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলোতে রাজনৈতিক দলের নেতারা আর বেসরকারি ব্যাংকগুলোতে ব্যাংকের পরিচালকরা অনেক সময় প্রভাব বিস্তার করে ঋণ অনুমোদন করেন। অনেক সময় যথাযথ প্রতিষ্ঠানকে ঋণ প্রদান না করে অপেক্ষাকৃত কম গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানকে ঋণ প্রদান করা হয়। এসব ঋণ সময়ের ব্যবধানে খেলাপি ঋণে পরিণত হয়। অর্থনৈতিক উন্নয়নের নানা সূচকে বাংলাদেশের অগ্রগতি এবং সমৃদ্ধির উজ্জ্বল চিত্র আমাদের উল্লসিত করলেও আমাদের সব উচ্ছ্বাস থেমে যায় ব্যাংক খাতে খেলাপি ঋণের পরিমাণ বৃদ্ধির অঙ্ক দেখলে। এ বিষয়ে সরকারের শীর্ষ পর্যায় থেকে শুরু করে সবাই সচেতন এবং ওয়াকিবহাল। বিষয়টি সবাইকে বিব্রত করে, এ নিয়ে সরকারি বিভিন্ন মহলে এবং ব্যাংক খাত-সংশ্লিষ্টদের মধ্যে দারুণ অস্বস্তি রয়েছে। ব্যাংক কর্মকর্তাদের যোগসাজশ ছাড়া অর্থ আত্মসাৎ সম্ভব নয়। অনেক ক্ষেত্রে ভুয়া কাগজপত্র ও অস্তিত্বহীন প্রতিষ্ঠানকে মোটা অঙ্কের ঋণ দেয়াই এর প্রমাণ। ব্যাংকিং খাতে স্বচ্ছতা ও জবাবদিহিতা আনতে হলে প্রথমেই ঋণখেলাপিসহ প্রতিটি অনিয়মের সঙ্গে জড়িত ব্যাংক কর্মকর্তা-পরিচালকদের সাজা নিশ্চিত করতে হবে।

## ঝিনাইদহে ঈদুল আযহা উপলক্ষে

ঝিনাইদহ পৌরসভার কাউন্সিলর আরেফিন কাইছারসহ স্থানীয় জনপ্রতিনিধিরা উপস্থিত ছিলেন। সংশ্লিষ্টরা জানায়, বুধবার থেকে শুরু হওয়া এ কার্যক্রম চলবে ঈদুল আযহার আগের দিন পর্যন্ত। পবিত্র ঈদুল আযহা উপলক্ষে জেলার ৬ উপজেলায় ৪২ জন ডিলারের মাধ্যমে ১ লাখ ২০ হাজার ১'শ ৩৩ টি পরিবারের মাছে কমদামে পণ্য বিক্রি করা হবে। প্রতিটি পরিবার ২০০ টাকায় ২ লিটার সয়াবিন তেল ও ১৪০ টাকায় ২ কেজি মসুরের ডাল কিনতে পারবেন।

## ঝিনাইদহে বাল্য বিবাহ

বৃক্ষরোপন করেন জেলা প্রশাসক। সেসময় বক্তারা, বর্তমান সরকারের স্মার্ট বাংলাদেশ বিনির্মানে বাল্য বিবাহ ও যৌতুক প্রথা রোধে সকলকে সচেতন হওয়ার আহবান জানান।

## ঝিনাইদহে আওয়ামী লীগের

আওয়ামী লীগের নেতাকর্মী ছাড়াও যুবলীগ, ছাত্রলীগ, কৃষকলীগ, স্বেচ্ছাসেবক লীগের নেতাকর্মীরা অংশ নেয়।

মিছিল শেষে পোস্ট অফিস মোড়ে অনুষ্ঠিত সংক্ষিপ্ত সমাবেশে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আল ইমরানসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, রাজনৈতিক ভাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে মোকাবেলা করতে না পেরে বিএনপি ও জামায়াত নৈরাজ্য সৃষ্টির চেষ্টা ও মিথ্যা গুজব ছড়াচ্ছে। তাদের নৈরাজ্য সৃষ্টির পায়তারা ও সামাজিক যোগাযোগ মাধ্যমে মিথ্যা রটনা ও গুজব ছড়ানো প্রতিহত করতে দলীয় ও সহযোগি সংগঠনের নেতাকর্মীদের আহবান জানান বক্তারা।

## চুয়াডাঙ্গার সন্তান সাবেক সচিব

আছিয়া। তিনি সহকর্মী হিসেবে পাচ্ছেন মঈনউদ্দীন আবদুল্লাহ ও মো. জহুরুল হককে।

মঈনুদ্দীন ২০২১ সালের ৩ মার্চ দুদকের চেয়ারম?্যান হিসাবে নিয়োগ পান। একই দিন থেকে কমিশনারের দায়িত্ব পালন করছেন বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের সাবেক চেয়ারম্যান জহুরুল।

দুর্নীতি দমন কমিশন আইন অনুযায়ী, তিনজন কমিশনারের সমন্বয়ে কমিশন গঠিত হয়। তাদের মধ্য থেকে একজনকে চেয়ারম্যান হিসেবে নিয়োগ দেওয়া হয়। কমিশনারদের মেয়াদ হয় পাঁচ বছর। মোজাম্মেলের বিদায়ের সময় ঘনিয়ে আসায় দুদকে নতুন একজন কমিশনার নিয়োগ দিতে গত এপ্রিল মাসে আপিল বিভাগের বিচারপতি এম ইনায়েতুর রহিমকে সভাপতি করে চার সদস্যের বাছাই কমিটি গঠন করেছিল মন্ত্রিপরিষদ বিভাগ।

সেই কমিটি যে দুজনের নাম সুপারিশ করে, তার মধ্য থেকে আছিয়াকে রাষ্ট্রপতি নিয়োগ দিলেন বলে মন্ত্রিপরিষদ বিভাগের এক কর্মকর্তা জানিয়েছেন।

১৯৬৩ সালে চুয়াডাঙ্গায় জন্ম নেওয়া আছিয়া ২৯ বছর সরকারি চাকরিতে নানা পদে দায়িত্ব পালনের পর ২০২২ সালের ৩ জানুয়ারি পিএসসির সচিব থেকে অবসরে গিয়েছিলেন।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের হিসাব বিজ্ঞান বিভাগের সাবেক শিক্ষার্থী আছিয়া বিসিএসের প্রশাসন ক্যাডারের কর্মকর্তা ছিলেন। পরে তিনি নেদারল্যান্ডস, সিঙ্গাপুর ও যুক্তরাষ্ট্র থেকে এমএ ও এমবিএ ডিগ্রি নেন।

## চুয়াডাঙ্গায় স্বস্তির বৃষ্টি

করেছে। চুয়াডাঙ্গায় পৌর এলাকার টাউন ফুটবলপাড়ার গৃহবধূ চম্পা খাতুন বলেন, 'গরমে অসহায় হয়ে পড়েছিলাম। বাইরে চলাচল কঠিন ছিল। লোডশেডিং ছিল দিনে ১৬ ঘণ্টা। ছেলে মেয়ে নিয়ে অনেক কষ্ট হয়েছে। দুপুরে বৃষ্টি হওয়ায় প্রাণ ফিরে পেলাম যেন।'

চুয়াডাঙ্গা পলাশপাড়ার বাসিন্দা শামিম বলেন, 'আল-হর রহমতে ১১ দিন পর বৃষ্টি হল। গরম থেকে কিছুটা হলেও পরিত্রাণ পেলাম।'

## দামুড়হুদায় জেলা পরিষদ চেয়ারম্যান

সহকারী শিক্ষা অফিসার নাসির উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু। বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাবেক ইউপি চেয়ারম্যান হাজি মো: সহিদুল ইসলাম ও দামুড়হুদা মডেল থানার ওসি সাইফুল ইসলাম। বক্তব্য রাখেন নতুন বাস্তপুরের কৃতি সন্তান বিশিষ্ট ব্যবসায়ী জাহিদুল ইসলাম ও আব্দুল মালেক। দামুড়হুদা আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজের প্রভাষক শরিফুল ইসলাম মিঠুর সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা সরকারি পাইলট হাইস্কুলের অবসরপ্রাপ্ত শিক্ষক আব্দুর কাদের, পিটিএ সহসভাপতি হযরত আলী, সাংবাদিক বখতিয়ার হোসেন বকুল, দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি জামিরুল ইসলাম, হাফিজুর রহমান, সাংবাদিক হাতেম আলী, শিক্ষক মতিয়ার রহমান, হাবিবুর রহমান, আব্দুল মতিন, আনোয়ার হোসেন সুমনসহ স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ। শুরুতে প্রধান অতিথি ও বিশেষ অতিথিকে কমিটির পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

## পোড়াহাটি ইউনিয়নে সামাজিক

হিরণ। পরিচালনা করেন পোড়াহাটি ইউনিয়ন পরিষদের সচিব মোঃ সোহাগ আলী। এসময় ইউনিয়নের মেম্বারসহ গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

## গরমে অসুস্থ হয়ে ডুমুরিয়ায়

বিষয়টি নিশ্চিত করেছেন। অপরদিকে রূপসা উপজেলায় কাজদিয়া মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ১৩ জুন পরীক্ষা চলাকালীন বিদ্যুৎ না থাকায় অতিরিক্ত গরম সইতে না পেরে ৫জন পরীক্ষার্থী জ্ঞান হারিয়ে ফেলে। পরে তাদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়।

এ ব্যাপারে বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা চাঁদ সুলতানা বলেন, বিদ্যুৎ না থাকায় ও তীব্র গরমে পরীক্ষার হলে হঠাৎ এক এক করে পরীক্ষার্থী অসুস্থ হয়ে ঘুরে পড়েতে শুরু করে। এমতাবস্থায় তাৎক্ষনিক অসুস্থ শিক্ষার্থীদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। তখন জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক অক্সিজেন এবং স্যালাইন পুশের মাধ্যমে পরীক্ষার্থীদের ভর্তি করে নেয়। পরে অসুস্থ শিক্ষার্থীর অভিভাবকদের বিষয়টি জানানো হয়।

আবাসিক মেডিকেল অফিসার ডাঃ পিকিং সিকদার বলেন, অতিরিক্ত গরমের পাশাপাশি পরীক্ষার চাপ থাকায় মানসিক ও শারীরিক ভাবে তারা অসুস্থ হয়ে পড়ে। রূপসা পল্লী বিদ্যুৎ ব্রাঞ্চের প্রধান মো. এ হালিম খান বলেন, ঘটনার সময়ে ওই এলাকায় ধারাবাহিকভাবে বিদ্যুৎ চলমান ছিল। ঘটনার পর জানতে পারলাম ওই এলাকার ফিউজটি কেটে বিদ্যুৎ বিচ্ছিন্ন হয়ে পড়ে।

## মেহেরপুরে পর্যটন শিল্পের ভূমিকা

অংশগ্রহণকারীরা। প্রশ্নের উত্তর দেন জেলা প্রশাসক। পরে সকলের কাছ থেকে পরামর্শ গ্রহণ করা। মুক্তিযোদ্ধা, শিক্ষক, জনপ্রতিনিধি ও প্রিন্ট ও ইলেকট্রনিক্স মিডিয়ার সাংবাদিকরা কর্মশালায় অংশগ্রহণ করে।

## মেহেরপুরের গাংনীতে বিষপ্রয়োগ

অযোগ্য। একটি চক্র শত্রুতাবশতঃ এমন ন্যাক্কারজনক কাজ করেছে। তবে তাদের সনাক্তও করা হয়েছে এবং আইনগত ব্যবস্থা নেয়া হবে বলেও জানান তিনি।

মৎস্য ঘেরের কেয়ার টেকার আব্দুল লতিফ জানান, হঠাৎ করে মাছের ঘেরে বিদ্যুৎ বিচ্ছিন্ন হয়। এতে সন্দেহ হলে ঘেরের চারপাশে টহল দেয়ার সময় কয়েকটি পলিথিন প্যাকেট দেখতে পান তিনি। ওই প্যাকেটে একধরণের বিষাক্ত ট্যাবলেটের গন্ধ পাওয়া যায়। সকালে মাছ মরে ভাসতে শুরু করে। মাছের গন্ধে আশে পাশের পরিবেশ ভারি হয়ে উঠে।

গাংনী উপজেলা মৎস্য কর্মকর্তা খোন্দকার সহিদুর রহমান ঘটনাস্থল পরিদর্শন করে জানান, খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করা হয়েছে। প্রাথমিকভাবে বিষ প্রয়োগে মাছ নিধন করা হয়েছে বলে ধারণা করা হচ্ছে। এ ব্যাপারে মামলা হলে তখন আইনানুযায়ি ফরেনসিক রিপোর্টের জন্য মাছ পাঠানো হবে। তবে যারা এ কাজটি করেছে তারা দেশের সাথে শত্রুতা করেছে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, খবর পেয়ে অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেনসহ ঘটনাস্থল পরিদর্শন করা হয়েছে। ইতোমধ্যে কারা এধরণের কাজ করেছে তাদেরকে সনাক্ত করণের চেষ্টা চলছে। এ পর্যন্ত পৌর মেয়র আহম্মেদ আলী কোন অভিযোগ করেন নি। অভিযোগ পেলে সে অনুযায়ি ব্যবস্থা নেয়া হবে।

## দেবহাটায় পিকআপের চাকায় পিষ্ট

তৌসিফ বিশ্বাসসহ তার আরও পাঁচ বন্ধু তিনটি মোটরসাইকেলে কালিগঞ্জ থেকে সাতক্ষীরার দিকে যাচ্ছিলেন। তাদের মোটরসাইকেলের সামনেই একটি পিকআপ (ঢাকা মেট্রো ড- ১১৭০৯৭) শ্যামনগর থেকে গৃহস্থলির মালামাল নিয়ে খুলনায় যাচ্ছিল। পথিমধ্যে দেবহাটা উপজেলাধীন সাতক্ষীরা-কালিগঞ্জ সড়কের সখিপুর মহিলা কলেজের সামনে পৌছানোর পর তৌসিফ বিশ্বাস ও তাদের বন্ধুদের মোটরসাইকেল গুলো ওই পিকআপটিকে ওভারটেক করার চেষ্টা করে। এসময় বিপরীত দিক থেকে আসা একটি ইঞ্জিনভ্যানকে সাইড দিতে গিয়ে তৌসিফ বিশ্বাসকে বহনকারী মোটরসাইকেলটি নিয়ন্ত্রণ হারিয়ে পিকআপের নিচে পড়ে যায়। এসময় পিকআপের পেছনের চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থলেই মারা যায় তৌসিফ বিশ্বাস। পরে স্থানীয়দের সহায়তায় সখিপুর ফায়ার সার্ভিসের উদ্ধারকর্মীরা তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

দেবহাটা থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ বাবুল আক্তার ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, ঘাতক পিকআপটি আটক করা হয়েছে। তবে এর চালক পালিয়ে যেতে সক্ষম হয়।

## মেহেরপুরের কবি-সংগঠক বেগম

স্বাবলম্বীতা এবং নারী অধিকার প্রতিষ্ঠায় বেগম সফুরা রাজ্জাক প্রথম নারীদের সংগঠিত করার কাজ শুরু করেন। তিনি একজন ভাল মানের একজন কবি ছিলেন। তৎকালীন সময়ে মেয়েদের মধ্যে লেখালেখিতে তার খ্যাতি ছিল ঈর্ষনীয়। শুধু কবিতা লেখা নয় আবৃত্তি উপস্থাপনা সহ মেহেরপুরে সাংস্কৃতিক অঙ্গনে তার বিচরণ ছিল উল্লেখযোগ্য। মেহেরপুর থেকে প্রকাশিত পাক্ষিক সীমান্ত পত্রিকার নিয়মিত লেখক ছিলেন তিনি। বুধবার দুপুরে তার জ্যেষ্ঠ সন্তান রুহুল কুদ্দুস টিটো ফেইসবুকে লিখেছেন,'আমি কাবা শরীফে বসে খবর পেলাম আমার মা আজ পৃথিবী থেকে চিরবিদায় নিয়েছেন। এই সংবাদ পেয়ে অনেকেই সোশ্যাল মিডিয়ায় এবং মরহুমার বাড়িতে গিয়ে শোক প্রকাশ করছেন। তার মৃত্যুতে মেহেরপুরের গণমাধ্যম কর্মীরা শোক প্রকাশ করছেন। বুধবার বাদ এশা হোটেলবাজার জামে মসজিদ সন্মুখ সড়কে তার নামাজে জানাজা অনুষ্ঠিত হয়। পরে মেহেরপুর শহরের কলেজ মোড় কেন্দ্রীয় কবরস্থানে তার দাফন সম্পন্ন হয়েছে। মৃত্যুকালে তিনি দুই মেয়ে দুই ছেলে সহ নাতি নাতনী এবং অসংখ্য গুণগ্রাহী ও আত্মীয় স্বজন রেখে গেছেন। বেগম সফুরা খাতুন ছিলেন একজন প্রতিবাদী কবি।

তার কবিতা-বাঙ্গালী কি দাসত্ব চায়?

বাঙালী কি দাসত্ব চায়? বাঙ্গালী জাতিকে জিজ্ঞাসা করো তারপর নিজেকে। এখনো শুকায়নি মৃত যোদ্ধাদের মায়ের কান্না, নেই পুত্র কন্যার পরনে কাপড়, ক্ষধার আহার। তাদের কন্ঠেই উত্তর ধ্বনিত হবে, যা জেনেছো, যা দেখছো, যা শুনেছো, এবার বলে চল বাঙ্গালী কি চায়? যে যোদ্ধারা স্মৃতিসৌধে শায়িত, তাদের রক্তে দাঁড়িয়ে নিশ্চিত মনে চলছে শোষণ, প্রতি রাতে নিশ্চিন্ত নিদ্রায় দিনের পর দিন নিউইয়র্ক প্যারিসে রাত্রি কাটায়। কালো টাকার আলোয় উজ্জল, তাদের নাগরিক সত্ব সুরক্ষিত, প্রশ্ন করো বাঙ্গালী কি চায়? শোষণের বিরুদ্ধে ছিল সংগ্রাম, আমরা যুদ্ধ চাই না। সবুজ গ্রামে ফসল আমরা কালো টাকার মুখে দিতে চাই না।আমার ভাইয়েরা যারা জীবন দিয়েছিল তাদের মা, আর ছেলে, মেয়ে বধূকে এবার জিজ্ঞাসা করো ওরা কি দাসত্ব চায়?

এমন অসংখ্য কবিতা আজ থেকে কবি সফুরা রাজ্জাকের স্মৃতি হয়ে থাকবে সকলের কাছে।

## বাসায় ঢুকে মা-মেয়েকে কুপিয়ে

ঘটে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, উপজেলার গুপ্তাংকের বার্লিংটন মোড় এলাকার ফজলে আজিম কোচি মিয়ার বাসার দ্বিতীয় তলায় বাসার মালিকের স্ত্রী নূর নাহার বেগম (৪৫) ও তার স্কুল পড়ুয়া মেয়ে ফাতেমা আজিম প্রিয়ন্তীকে দুর্বৃত্তরা বাসায় ডুকে কুপিয়ে হত্যা করে। মালিকের স্ত্রী নূর নাহার বেগম ঘটনাস্থলে মারা যান। তার মেয়ে ফাতেমা আজিম প্রিয়ন্তীকে হাসপাতালে নেওয়ার পথে মৃত্যুবরণ করেন। এ সময় স্থানীয় এলাকাবাসী একজনকে আটক করে পুলিশে সোপর্দ করে।

সুধারাম মডেল থানার ওসির দায়িত্বে থাকা পুলিশ পরিদর্শক (তদন্ত) মিজানুর রহমান পাঠান ঘটনার সত্যতা নিশ্চিত করেন। তিনি বলেন, পুলিশ ঘটনাস্থলে রয়েছে। মা-মেয়েকে এলোপাতাড়ি কুপিয়ে হত্যা করা হয়েছে। তবে নিহতের স্বামীসহ অন্য স্বজনেরা তাৎক্ষণিক পুলিশকে এ হত্যাকান্ডের কোন কারণ জানাতে পারেনি।

## মেহেরপুরে ওরেন্টেশন

জেনারেল হাসপাতালের সুপার ডাঃ জমির মুহাম্মদ হাসিবুর সাত্তার। আর এম ও ডাঃ মোখলেসুর রহমান, ডাঃ ইনজামামুল হক প্রমুখ।

## দামুড়হুদায় অসুস্থ বীর মুক্তিযোদ্ধাদের

অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মিজানুর রহমান। উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজি সহিদুল ইসলাম, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, দামুড়হুদা মডেল থানার ওসি সাইফুল ইসলাম, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা আছির উদ্দীন, বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলীসহ প্রমুখ।

## আবারো পুলিশের খুলনা

মাসের তদন্ত ও অপরাধ দমন কর্মকান্ড পর্যালোচনায় রেঞ্জের শ্রেষ্ঠ সার্কেল হিসেবে চুয়াডাঙ্গা সদর সার্কেল ও শ্রেষ্ঠ থানা হিসেবে চুয়াডাঙ্গা সদর থানা পুরস্কৃত হয়।

সভায় আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত ডিআইজি (প্রশাসন ও অর্থ) মোঃ ইকবাল, অতিরিক্ত ডিআইজি (ক্রাইম ম্যানেজমেন্ট) নিজামুল হক মোল্যা, কমান্ড্যান্ট (অতিরিক্ত ডিআইজি) নওরোজ হাসান তালুকদার, আরআরএফ, খুলনা সহ রেঞ্জ কার্যালয়ের অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

## ৫৩৮ হজযাত্রীর টাকা নিয়ে

থানা পুলিশের সদস্যরা ঘটনাস্থলে যান।

থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. নজরুল ইসলাম জানান, একটি হজ এজেন্সি ৫৩৮ জনের টাকা নিয়ে উধাও হয়েছে বলে অভিযোগ পাওয়া যায়। ভুক্তভোগীরা এজেন্সিতে এসে বিক্ষোভ করছেন এমন খবর পেয়ে থানা পুলিশের দুটি টিম ঘটনাস্থলে গেছে। তবে এখনও পর্যন্ত লিখিত কোনো অভিযোগ আমরা পাইনি।

ভুক্তভোগীদের বরাতে ওসি নজরুল ইসলাম বলেন, পাঁচ শতাধিক হজযাত্রীর কাছ থেকে টাকা নিলেও মাত্র কয়েকজনের ভিসা করে দিয়েছে এজেন্সিটি। সাধারণ হজযাত্রীরা অনেক আশা নিয়ে এই প্রতিষ্ঠানের কাছে টাকা দেন। তারা যদি প্রতারিত হয়ে থাকেন, তাহলে আমরা যথাযথ আইনগত ব্যবস্থা নেবো। এজেন্সিটির মূল মালিক পলাতক রয়েছেন। তবে সংশ্লিষ্ট কয়েকজনকে পাওয়া গেছে এবং তাদের থানায় নিয়ে জিজ্ঞাসাবাদ করা হবে বলেও জানান শ্যামপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা।

## গাংনীতে কিশোরদের হাতে

বাধ্য হয়ে বাবা মা তাদের আদরের ছেলেকে গাড়ি কিনে দেন। বিশেষ করে প্রবাসীর ছেলেরা মায়ের উপর রাগ দেখিয়ে মোটর সাইকেল কিনে দিতে বাধ্য করে। ছেলের ভবিষ্যত ভেবে অভিভাবকরা ছেলের শখ পুরুণ করেন। এতে হিতে বিপরীত হয়।

নাম প্রকাশ না করার শর্তে দুজন অভিভাবক জানান, তাদের সন্তানরা লেখাপড়ায় বেশ ভাল ছিল। মাস ছয়েক আগে একটি বেসরকারী বিদ্যালয়ে পড়ার সময় একটি রাজনৈতিক দলের সাথে সম্পৃক্ত হয়ে পড়ে। গাড়ি কিনে না দিলে সমস্যা আছে বলে জানায়। এক রকম চাপাচাপিতে গাড়ি কিনে দেয়া হয়। এখন পড়াশোনা বাদ দিয়ে ওইসব ছেলেদের সাথে রাত দিন ঘোরাফেরা করে। গভীর রাতে রাড়ি ফেরে। দুপুর পর্যন্ত ঘুমায়। ভয়ে কিছু বলা সম্ভব হয় না। শিশু কিশোররা এখন অনেকটা ভয়ঙ্কর।

স্থানীয় অনেকেই জানান, অপ্রাপ্ত বয়স্ক এসব ছেলেরা যেভাবে রাস্তায় গাড়ি চালায় তাতে পথচারীরা নিরাপদ নয়। আঁকা বাঁকা ও দ্রুত গাড়ি চালঅনোর কারণে রাস্তায় চলাচল কঠিন হয়ে দাঁড়িয়েছে। আবার ওই সব মোটর সাইকেলে রেডিয়াম লাইট ও ইমার্জেন্সী হর্ণ লাগিয়ে পথচারীদেরকে বিব্রতকর পরিস্থিতে ফেলে। অনেকেই সাইরেন বাজিয়ে পথ চলে। এক মোটর সাইকেলে তিনজন চড়ে স্কুল কলেজে আসে। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষও কোন বিধি নিষেধ আরোপ করে না।

কেউ কেউ জানান, মোটর যান কেনার সময় ড্রাইভিং লাইসেন্স দেখানো বাধ্যতা মূলক ছিল। এখন আর সেটি দেখা যাচ্ছে না। রাস্তা ঘাটে পুলিশও কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করেন না। এ ছাড়াও অল্প টাকা জমা দিয়ে কিস্তিতে মোটর সাইকেল পাওয়া যাচ্ছে। ফলে কিশোররা এসব মোটর সাইকেল কিনছে আবার তা চড়ে দাপিয়ে বেড়াচ্ছে রাস্তা ঘাটে। এরা বিভিন্ন স্থানে দাঁড়িয়ে থেকে মেয়েদেরকে উত্যক্ত করে কিংবা কোন ঘটনা ঘটিয়ে সহজে পালিয়ে যায়।

বেশ কয়েকটি তেল পাম্পের ম্যানেজারের সাথে কথা বলে জানা গেছে, কিছু আগেও কিশোরদের এবং হেলমেট ছাড়া কাউকে তেল দিবেন না মর্মে সাইন বোর্ড দেয়া হয়। তারা পাম্পের তেল না নিয়ে লোকাল তে ব্যবসায়িদের কাছ থেকে তেল কিনে। এতে ব্যবসায় ধ্বস নামে। বাধ্য হয়ে সকলকেই তেল দেয়া হয়।

মেহেরপুর ট্রাফিক পুলিশের ইন্সপেক্টর ফেরদৌস জানান, গাড়ির রেজিস্ট্রেশন রোড ট্যাক্স, চালকের ড্রাইভিং লাইসেন্স নিয়মিত পরীক্ষা নিরীক্ষা করা হয়। মামলাও দেয়া হচ্ছে সেটা কিশোর হোক না হয় বয়স্ক হোক। ইদানিং কিশোরদের হাতে দামী ব্রান্ডের দ্রুতগামী মোটর সাইকেল রয়েছে । এরা অভিভাবকদেরকে ইমোশনালী ব্লাক মেইল করে মোটর সাইকেল কিনছে। একমাত্র অভিভাবকদের সচেতনতায় পারে কিশোরদের সুপথে ফেরাতে। সম্প্রতি বেশ কিছু মোটর যান আটক করা হয়েছে এবং ট্রাফিক পুলিশের তৎপরতা অব্যাহ রয়েছে বলেও জানান তিনি।

## সাংবাদিক বসিরের তাওই'র

আহমেদ, এটিএন নিউজ ও এটিএন বাংলার জেলা প্রতিনিধি নিজাম জোয়ার্দার বাবলু, দৈনিক লোকসমাজ পত্রিকার স্টাফ রিপোর্টার আসিফ ইকবাল কাজল, দৈনিক বাংলাদেশ পোষ্টের ভ্রাম্যমান প্রতিনিধি দেলোয়ার কবির, এশিয়ান টিভির জেলা প্রতিনিধি এম রবিউল ইসলাম রবি, সময় টিভির স্টাফ রিপোর্টার লোটাস রহমান সোহাগ, মাই টিভির জেলা প্রতিনিধি আনিছুর রহমান মিঠু মালিথা, সময়ের আলোর জেলা প্রতিনিধি আলী আহমেদ লিকু, চ্যানেল টুয়েন্টি ফোরের জেলা প্রতিনিধি সাদ্দাম হোসেন, দৈনিক মানবকন্ঠের জেলা প্রতিনিধি শাহজাহান আলী বিপাশ, দৈনিক যায়যায়দিন পত্রিকার জেলা প্রতিনিধি তারেক মাহমুদ, দৈনিক ভোরের দর্পণ পত্রিকার জেলা প্রতিনিধি মমিনুর রহমান মন্টু, দৈনিক আজকের পত্রিকার প্রতিনিধি জহিরুল ইসলাম জহির সহ অন্যান্য নেতৃবৃন্দ। মরহুমের আত্মার মাগফিরাত কামনা ও শোকাহত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন। মহান রাব্বুল আলামীন তাকে জান্নাত নসীব করুন-আমিন।

## লালমনিরহাটে জেন্ডার বৈচিত্র্য

করেছেন। সরকারের সুযোগ গুলো গ্রহণ করতে নিদৃষ্ট উপায়ে আবেদন করতে হবে। চলার পথে, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ গ্রহণে যদি কোন ধরনের সমস্যা তৈরি হয় তাহলে আমাদের জানাবেন পুলিশ ও প্রশাসন এর জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করবে।তিনি আরও বলেন পাঠ্য পুস্তক এ জেন্ডার বৈচিত্র্য জনগোষ্ঠীর কোন অধ্যায় না থাকায় শিক্ষার্থীরা তাদেরও বিষয়ে প্রকৃত অবস্থা জানতে পারেনা। সে কারনে তারা বিভ্রান্ত হয়। এ জন্য আমরা বিভিন্ন ফোরামে আলোচনা করব এবং লিখিতভাবে নিতি নির্ধারনী পর্যায়ে জানানো হবে। তিনি হিজড়া জনগোষ্ঠীর উদ্দেশ্যে বলেন আপনাদেরও যোগ্যতা অর্জন করে চাকরির জন্য আবেদন করলে চাকরির সুযোগ রয়েছে। এতে করে জেন্ডার বৈচিত্র্য জনগোষ্ঠী মূলশ্রোতধারায় চলে আসতে পারবে।

বাংলাদেশের প্রেক্ষাপট ও এসআরএইচআর, প্রকল্পের পরিচিতি প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য,প্রকল্পের প্রত্যাশিত ফলাফল,আজকের সভার উদ্দেশ্য এবং জেন্ডার বৈচিত্র্য জনগোষ্ঠী এবং তাদের সমস্যা, সম্ভাবনা ও প্রত্যাশা-উপস্থাপন করেন ব্র্যাক অধিকার এখানে, এখনই (আরএইচআরএন২) প্রকল্পের এরিয়া কো-অর্ডিনেটর মাধুরী সূত্রধর। সভা সঞ্চালনা করেন জেলা যুব সদস্য মো: জামাল হোসেন।

সভায় রিসোর্স পারসনদের বক্তব্যে যুব প্রতিনিধিগণের মধ্যে দক্ষতা বৃদ্ধি পেয়েছে এবং কাজের ক্ষেত্রে উৎসাহী হয়েছেন। এর ফলে গ্রুপ ওয়ার্কের মাধ্যমে নতুন নতুন উদ্যোগ গ্রহণ এবং বাস্তবায়ন কৌশল নির্ধারণ ও কর্ম-পরিকল্পনা তৈরি সহজ হয়েছে।যুব প্রতিনিধিগণ তাদের বক্তব্যে বলেন যে, আমরা আমাদের প্রকল্পের উদ্দেশ্য বাস্তবায়নে অগ্রণী ভূমিকা পালন করব।

## বিসিএস, 'নন-ক্যাডারে' নিয়োগ

'নন-ক্যাডার' পদে নিয়োগ দেওয়া যাচ্ছিল না, সেই জটিলতার অবসান হয়েছে।

জনপ্রশাসন মন্ত্রণালয় বুধবার নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা, ২০২৩ এর গেজেট প্রকাশ করেছে। আগের বিধিমালা সংশোধন করে নতুন এই বিধিমালা করা হয়েছে।

এর ফলে যেসব বিসিএসের বিজ্ঞপ্তিতে নন-ক্যাডার পদে কতজনকে নিয়োগ দেওয়া হবে, সেই সংখ্যার উল্লেখ ছিল না, সেসব বিএসএস থেকেও নন-ক্যাডার পদে নিয়োগ দেওয়া যাবে।

বিসিএস উত্তীর্ণদের মধ্য থেকে নন-ক্যাডার পদে নিয়োগ দিতে ২০১০ সালে বিধিমালা করে সরকার। ২০১৪ সালে সেই বিধিমালা সংশোধন করে বলা হয়, কমিশন সরকারের কাছ থেকে ক্যাডার পদের সঙ্গে নন-ক্যাডার শূন্য পদে নিয়োগের অনুরোধপ্রাপ্তি সাপেক্ষে বিসিএস পরীক্ষার মাধ্যমে নিয়োগের জন্য প্রকাশিত বিজ্ঞপ্তিতে পূরণযোগ্য নন-ক্যাডার পদের বিবরণী ও সংখ্যা প্রকাশ করবে।

কিন্তু ২৮তম থেকে ৪৪তম বিসিএসের বিজ্ঞপ্তিতে নন-ক্যাডার শূন্য পদের বিবরণ ও সংখ্যা উল্লেখ করা হয়নি।

২৮তম, ২৯তম, ৩০তম, ৩৩তম ও ৩৪তম বিসিএসের বিজ্ঞপ্তিতে নন-ক্যাডার পদের বিবরণ ও সংখ্যা উল্লেখ না থাকায় ২০১৪ সালে বিধিমালা সংশোধন করে ওইসব বিসিএস থেকে নন-ক্যাডার পদে নিয়োগের অনুমোদন দেওয়া হয়।

কিন্তু ৩৪তম বিসিএসের পর থেকে অন্য বিসিএসের চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণদের মধ্য থেকে নন-ক্যাডার পদে নিয়োগ দেওয়া যাচ্ছিল না। ফলে বিধিমালা সংশোধন করা হল।

নতুন বিধিমালায় বলা হয়েছে, এই বিধিমালা কার্যকর হওয়ার আগে যেসব বিসিএস পরীক্ষার জন্য প্রকাশিত বিজ্ঞপ্তিতে নন-ক্যাডার পদে নিয়োগের জন্য সুপারিশের উল্লেখ ছিল, কিন্তু পদের সুনির্দিষ্ট বিবরণ ও সংখ্যা উল্লেখ ছিল না, সংশ্লিষ্ট বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সরকার বিসিএসওয়ারী নন-ক্যাডার পদের সুনির্দিষ্ট বিবরণ ও সংখ্যা উল্লেখ করে কমিশনকে অনুরোধ করা সাপেক্ষে এই বিধির অধীন প্রদত্ত সুবিধাদি প্রযোজ্য হবে।

## টিকিট পেতে ৩০ মিনিটে ৪০ লাখ

খালি হয়ে যায় প্রতিটি ট্রেনের আসন। টিকিট প্রত্যাশীদের মধ্যে যারা একটু দেরি করে ওয়েবসাইট বা অ্যাপে ঢুকেছেন তারা আর কোনো খালি আসন পাননি। টিকিট না পাওয়ায় সামাজিক যোগাযোগ মাধ্যমে ক্ষোভ প্রকাশ করেছেন অনেকে। অন্যদিকে যারা পেয়েছেন, তারা আনন্দ ভাসছেন। টিকিট পাওয়া ও না পাওয়া নিয়ে মিশ্র প্রক্রিয়া দেখিয়েছেন টিকিটপ্রত্যাশীরা।

টিকিট বিক্রি প্রসঙ্গে জানতে চাইলে রেলওয়ের ঢাকা বিভাগীয় বাণিজ্যিক কর্মকর্তা শাহ আলম কিরণ শিশির বলেন, এবারই দুটি জোন ভাগ করে ভিন্ন সময়ে ট্রেনের টিকিট বিক্রি চলছে। গতবার একসঙ্গে আড়াই কোটি পর্যন্ত ক্লিক পরেছিল। সেখানে এবার ক্লিক হয়েছে মাত্র ৪০ লাখের মতো। দুটি জোন ভাগ করে দেওয়াতে ক্লিকের সংখ্যা কমে এসেছে। এর জন্য কোনো বাফারিং হয়নি। টিকিট প্রত্যাশীদের কোনো ভোগান্তিতে পড়তে হয়নি।

বিক্রি শুরুতেই টিকিট শেষ হয়ে যাওয়া প্রসঙ্গে তিনি বলেন, আমাদের টিকিট বিক্রির ক্যাপাসিটি অনেক। সেখানে টিকিট আছে মাত্র ১৩ থেকে সাড়ে ১৩ হাজার। সবাই টিকিট পাবেন না। বিক্রি শুরুর পর টিকিট না থাকাটাই একেবারেই স্বাভাবিক। সকাল ৮টা থেকে সাড়ে ৮টার মধ্যে ৪০ লাখ হিট পড়েছে। অন্যদিকে রেলওয়ে নিবন্ধিত একাউন্ট হচ্ছে ১৮ লাখ।

তিনি আরও বলেন, আজকে যারা টিকিট পেয়েছেন তাদের তালিকা বিকেলের দিকে আমাদের বোর্ডে টানিয়ে দেওয়া হবে। এখানে আমাদের কারচুপির কিছু নেই।

## দেশের তৃতীয় ভাসমান

সামিট অয়েল অ্যান্ড শিপিং কোম্পানি লিমিটেডের প্রস্তাব নীতিগত অনুমোদন দিয়েছে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি।

গতকাল বুধবার অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সভাপতিত্বে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির এ সভা অনুষ্ঠিত হয়। সভা শেষে সভার সিদ্ধান্ত জানান মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব সাঈদ মাহবুব খান।

তিনি সাংবাদিকদের বলেন, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীন পেট্রোবাংলা কর্তৃক কক্সবাজারের মহেশখালীতে দৈনিক ৬০০ এমএমসিএফ ক্ষমতাসম্পন্ন তৃতীয় ভাসমান এলএনজি টার্মিনালস্থাপনের জন্য সামিট অয়েল অ্যান্ড শিপিং কোম্পানি লিমিটেডের প্রস্তাব নীতিগত অনুমোদন দেওয়া হয়েছে।

দেশে বর্তমানে দুটি এলএনজি টার্মিনাল রয়েছে। মহেশখালীতে প্রতিদিন ৫০০ মিলিয়ন ঘনফুট সক্ষমতার এ দুটি টার্মিনাল নির্মাণ করে ইউএসএ-এর এক্সেলরেট এনার্জি এবং সামিট গ্রুপ।

এরমধ্যে মহেশখালীতে ভাসমান এলএনজি টার্মিনাল নির্মাণে ২০১৬ সালের ১৮ জুলাই পেট্রোবাংলার সঙ্গে চুক্তি করে এক্সিলারেট এনার্জি। নির্মাণ শেষে ২০১৮ সালের ১৯ আগস্ট গ্যাস সরবরাহ শুরু করে কোম্পানিটি। ১৫ বছর মেয়াদি এ টার্মিনাল দিয়ে গ্যাস সরবরাহের চুক্তি রয়েছে ২০৩২ সাল পর্যন্ত। তবে এরই মধ্যে এ টার্মিনাল চুক্তির মেয়াদ ২০৩৮ সাল পর্যন্ত বাড়ানো হয়েছে।

## খালেদার মুক্তি নিয়ে সরকার কোনো

"বাংলাদেশ কোনো দেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ করেনি। অন্যদেশেরও বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ যুক্তিযুক্ত মনে করি না। বেগম খালেদা জিয়ার বিষয়টি আমাদের অভ্যন্তরীণ ব্যাপার। সরকার কোনো চাপের কাছে নতি স্বীকার করেনি, করবেও না।" গতকাল বুধবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে রোড সেইফটি প্রজেক্টের উদ্বোধনী অনুষ্ঠান শেষে সাংবাদিকদের মুখোমুখি হন কাদের। সে সময় সাবেক প্রধানমন্ত্রীর মুক্তি নিয়ে সরকারের অবস্থান জানতে চান সাংবাদিকরা।

কাদের বলেন, "বেগম জিয়ার অসুস্থতা নিয়ে যতটা না তারা উদ্বেগ তৈরি করেছে, তাকে নিয়ে রাজনীতির চর্চা করেছে বেশি।"

সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়াকে দুর্নীতি মামলায় দোষী সাব্যস্ত করে ২০১৮ সালে কারাগারে পাঠায় আদালত। দেশে করোনাভাইরাসের প্রাদুর্ভাব শুরুর পর পরিবারের আবেদনে ২০২০ সালে সরকার নির্বাহী আদেশে দণ্ড স্থগিত করে খালেদাকে সাময়িক মুক্তি দেয়। ওই বছরের ২৫ মার্চ থেকে তিনি গুলশানের ভাড়া বাড়িতে রয়েছেন।

## শেখ হাসিনার অবস্থানের

জানতে পেরেছি যে, বেশ কয়েকবার বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন- র‍্যাবের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞাকে তিনি ধাঁধার মতো দেখতে পেয়েছেন। আর নিষেধাজ্ঞা যেন একটা খেলার মতো। তিনি আরও বলেছেন, যেকোনো দেশের সরকারকে উৎখাতের ক্ষমতা তাদের (যুক্তরাষ্ট্র) আছে। নিষেধাজ্ঞা নিয়ে বাংলাদেশ ভীত নয়। যেসব দেশ বাংলাদেশের বিরুদ্ধে নিষেধাজ্ঞা দেবে তাদের কাছ থেকে কোনো কিছু কেনা বন্ধ করতে অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়কে নির্দেশনা দিয়েছেন তিনি। এ বিষয়ে চীনের মন্তব্য কী? জবাবে ওয়াং ওয়েনবিন বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাম্প্রতিক বক্তব্যের বিষয়ে আমরা জানি।

প্রকৃতপক্ষে নিজেদের বর্ণবাদী বৈষম্য, অস্ত্র নিয়ে সহিংসতা, মাদকের বিস্তার নিয়ে একটি সুনির্দিষ্ট দেশ চোখ বন্ধ করে রাখে। তারাই আবার গণতন্ত্র এবং মানবাধিকারের কথা বলে বাংলাদেশ এবং অনেক উন্নয়নশীল দেশের আভ্যন্তরীণ বিষয়ে দীর্ঘদিন ধরে হস্তক্ষেপ করছে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা শুধু বাংলাদেশি জনগণের পক্ষে শক্ত অবস্থান নিয়েই কথা বলেছেন এমন না। তিনি কথা বলেছেন, আন্তর্জাতিক সম্প্রদায়ের বড় একটি অংশের হয়ে, বিশেষ করে উন্নয়নশীল বিশ্বের হয়ে। চীন এবং বাংলাদেশ ঐতিহ্যবাহী বন্ধুত্বপূর্ণ প্রতিবেশী। বাংলাদেশের সার্বভৌমত্ব, স্বাধীনতা, ভূখণ্ডের অখণ্ডতা রক্ষা, আভ্যন্তরীণ ও পররাষ্ট্র বিষয়ক স্বাধীন নীতি সমুন্নত রাখতে বাংলাদেশকে আমরা দৃঢ়ভাবে সমর্থন করি। জাতীয় বাস্তবতার সঙ্গে খাপ খায় এমন উন্নয়নের পথ অনুসরণে সমর্থন করি। সব রকম আধিপত্য এবং ক্ষমতার রাজনীতির বিরুদ্ধে বাংলাদেশ ও অন্য দেশগুলোকে নিয়ে একসঙ্গে কাজ করতে প্রস্তুত আমরা। একই সঙ্গে আমরা জাতিসংঘকেন্দ্রীক আন্তর্জাতিক ব্যবস্থা, আন্তর্জাতিক আইন দ্বারা জোর দেয়া আন্তর্জাতিক শৃঙ্খলা, জাতিসংঘ সনদের উদ্দেশ্য ও নীতির ওপর ভিত্তি করে আন্তর্জাতিক সম্পর্ক নিয়ন্ত্রণের মৌলিক নিয়ম এবং মানবজাতির জন্য একটি অভিন্ন ভবিষ্যত গড়ে তুলতে কাজ করবো।

## ডা. বদরুদ্দোজা চৌধুরীর

এভিনিউ-এর সুপরিচিত ও সর্ববৃহৎ ওষুধের দোকান ভাম এন্ড কোং-এ। সেখানে গিয়ে ডা. বদরুদ্দোজা চৌধুরীর প্রেসক্রিপশন দেখালে তাঁরা বলল- এটা তাঁরা বিক্রি করে না, তবে নিকটবর্তী ঠাটারি বাজারে পাওয়া যাবে! বাজারে গিয়ে এই প্রেসক্রিপশন দেখিয়েও লাভ হবে না। কেননা তারা বুঝবে না। গিয়ে বলবেন, ওল দিন। আপনার জন্য ওষুধ হলো- দুইবেলা ভাতের সঙ্গে ওল ভর্তা করে খাবেন!

বলাবাহুল্য ওই ওলেই সেই রোগীর পাঁচ-সাত বছরের পুরানো রোগ চিরতরে নির্মুল হয়ে যায়। আরেকবার অধ্যাপক বদরুদ্দোজা চৌধুরী একজন রাজনৈতিক নেতা ও জনপ্রতিনিধি (উপজেলা চেয়ারম্যান)-এর ব্যবস্থাপত্রে শুধুমাত্র লিখেছিলেন ''দাওয়াত খাবেন না''! তবে দুঃখের বিষয় ডা. চৌধুরীর মতো ডাক্তার এখন আর নেই বললেই চলে।

প্রসঙ্গত উল্লেখ্য যে, আশির দশকেও রাজশাহী মেডিকেল কলেজের মেডিসিনের তৎকালীন সহকারি অধ্যাপক রফিকউদ্দিন তাঁর রোগীর ব্যবস্থাপত্রে রোগীদেরকে কখনো কখনো শুধুই ইসুপগুলের ভুষি খাওয়ার পরামর্শ দিতেন। তাতেই রোগী পুরোপুরি সুস্থ হয়ে উঠতেন। এই ঘটনাগুলোর মূল শিক্ষাটা হলো- "খাদ্য যখন পথ্য হয়, রোগ তখন দূরে রয়!"

## এবার চাহিদার চেয়ে কোরবানির

কোরবানির পশুর অবাধ পরিবহন নিশ্চিত করা সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভা শেষে তিনি এ কথা জানান। মন্ত্রী বলেন, এ বছর কোরবানিযোগ্য মোট গবাদিপশুর সংখ্যা এক কোটি ২৫ লাখ ৩৬ হাজার ৩৩৩টি, যা গত বছরের চেয়ে চার লাখ ১১ হাজার ৯৪৪টি বেশি। এ বছর কোরবানির পশুর সম্ভাব্য চাহিদা এক কোটি তিন লাখ ৯৪ হাজার ৭৩৯টি। সে হিসেবে এ বছর পশুর ২১ লাখ ৪১ হাজার ৫৯৪টি পশু উদ্বৃত্ত রয়েছে।

তিনি আরও বলেন, এ বছর কোরবানিযোগ্য গবাদিপশুর মধ্যে ৪৮ লাখ ৪৩ হাজার ৭৫২টি গরু-মহিষ, ৭৬ লাখ ৯০ হাজার ছাগল-ভেড়া এবং দুই হাজার ৫৮১টি অন্যান্য প্রজাতির গবাদিপশু রয়েছে। এর মধ্যে ঢাকা বিভাগে আট লাখ ৯৫ হাজার ৪৫৪টি, চট্টগ্রাম বিভাগে ২০ লাখ ৫৩ হাজার ১২৮টি, রাজশাহী বিভাগে ৪৫ লাখ ১১ হাজার ৬১৪টি, খুলনা বিভাগে ১৫ লাখ ১১ হাজার ৭০৮টি, বরিশাল বিভাগে চার লাখ ৯৩ হাজার ২০৬টি, সিলেট বিভাগে চার লাখ ১০ হাজার ২২৫টি, রংপুর বিভাগে ১৯ লাখ ৬২ হাজার ৯৫১টি এবং ময়মনসিংহ বিভাগে ছয় লাখ ৯৮ হাজার ৪৭টি কোরবানিযোগ্য গবাদিপশু রয়েছে।

কোরবানি সামনে রেখে কোনো প্রকার রাসায়নিক দ্রব্য, স্টেরয়েড, হরমোন ও অ্যান্টিবায়োটিক ছাড়া নিরাপদ পদ্ধতিতে গরু হৃষ্টপুষ্ট করার কার্যক্রম বাস্তবায়নে স্থানীয় প্রশাসন, পুলিশ বিভাগ ও প্রাণিসম্পদ অধিদপ্তর সমন্বিতভাবে কাজ করবে জানিয়ে মন্ত্রী বলেন, প্রাণিসম্পদ অধিদপ্তর এ বছর ৭২ হাজার ৫৬৩ জন খামারিকে বৈজ্ঞানিক পদ্ধতিতে গবাদিপশু হৃষ্টপুষ্টকরণ বিষয়ে প্রশিক্ষণ দিয়েছে।

মন্ত্রী বলেন, এ সময় পশু খাদ্যে ভেজাল বা নিষিদ্ধ অ্যান্টিবায়োটিক ও হরমোনের ব্যবহার বন্ধে নিয়মিত সার্ভিল্যান্স ও প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। এ বছর প্রাণিসম্পদ অধিদপ্তরের কর্মকর্তারা সারাদেশে ৮৭ হাজার ৯৫টি খামার পরিদর্শন করে। এসব খামারে স্টেরয়েড বা হরমোনের অপপ্রয়োগ বন্ধের উদ্যোগ নেওয়া হয়েছে। কোরবানির হাটে এ বছর কোনোভাবেই রোগাক্রান্ত বা অসুস্থ পশু বিক্রি করতে দেওয়া হবে না। এছাড়া পার্শ্ববর্তী দেশ থেকে সীমান্ত পথে যাতে অবৈধভাবে গবাদিপশু আসতে না পারে সে জন্য কঠোর নজরদারি করা হচ্ছে। এ বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে ইতোমধ্যে চিঠি দেওয়া হয়েছে।

কোরবানির হাট ব্যবস্থাপনার জন্য মনিটরিং টিম গঠন ও কন্ট্রোল রুম খোলা হবে জানিয়ে মন্ত্রী বলেন, এ বছরও সড়কপথ, রেলপথ এবং নৌপথে গবাদিপশু পরিবহনের সময় পশু ও পশু বিক্রেতার নিরাপত্তা নিশ্চিত করাসহ কোরবানির পশুর ট্রাক ছিনতাই রোধে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, জেলা প্রশাসন ও জেলা প্রাণিসম্পদ দপ্তর যৌথভাবে কাজ করবে।

এবারও কোনো খামারি নিজ বাড়ি থেকে পশু বিক্রি করলে তাকে হাসিল দিতে হবে না। কোনো খামারি তার পশু দূরবর্তী হাটে নিতে চাইলে, রাস্তাঘাটে জোর করে নামাতে বাধ্য করা যাবে না। এক্ষেত্রে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, স্থানীয় সরকার ইউনিট তথা পৌরসভা, উপজেলা বা ইউনিয়ন পরিষদ, সিটি করপোরেশন এ বিষয়টি নিশ্চিত করবে। হাটে আনার পথে কেউ পশু বিক্রি করলে তার কাছ থেকে ইজারা গ্রাহক জোর করে চাঁদা বা হাসিল আদায় করতে পাবে না।

## খালেদা জিয়ার মুক্তির জন্য

করছেন বেগম খালেদা জিয়ার ছোট ভাই শামীম ইস্কান্দার। তিনি নতুন করে আবেদনের জন্য প্রস্তুতি গ্রহণ করেছেন বলে জানা গেছে।

তিনি জানিয়েছেন যে, তিনি আশা করেন সরকার এবার মানবিকভাবে বিষয়টি বিবেচনা করবেন এবং তার উন্নত চিকিৎসার জন্য তাকে বিদেশে নেওয়ার ব্যবস্থা করবেন। কিন্তু এর পাশাপাশি বিএনপির পক্ষ থেকে একটি বিকল্প উদ্যোগও গ্রহণ করা হয়েছে। বিভিন্ন সূত্রগুলো বলছে রাজনৈতিক সমঝোতার অংশ হিসেবেই এই বিকল্প উদ্যোগ গ্রহণ করা হয়েছে কিনা তা নিশ্চিত নয়। তবে বেগম জিয়ার আইনজীবীরা বলছেন, আগামী সপ্তাহের শুরুতে অর্থাৎ রোববার বা সোমবার তারা বেগম খালেদা জিয়ার জামিনের জন্য নতুন করে আবেদন করবেন। বেগম জিয়ার বিরুদ্ধে এ পর্যন্ত ৩২ টি মামলা রয়েছে।এর মধ্যে ২৭ টি মামলায় তিনি জামিনে আছেন। যে পাঁচটি মামলায় তার জামিন নেই তার মধ্যে দুটি মামলায় তিনি দণ্ডিত হয়েছেন। এর মধ্যে একটি মামলায় হাইকোর্ট থেকে দণ্ডিত হয়েছেন।

এর আগে সুপ্রিম কোর্টের আপিল বিভাগে বেগম খালেদা জিয়ার জামিনের আবেদন করা হয়েছিল। কিন্তু এই জামিনের আবেদন নাকচ করে দেওয়া হয়। ফলে বেগম জিয়ার জামিন নিয়ে আবার আদালতে যাওয়ার ক্ষেত্রে বিএনপি নেতাদের এক ধরনের সংশয় ছিল। কারণ সর্বোচ্চ আদালত যদি আবার তার জামিন আবেদন বাতিল করে দেয়, সেক্ষেত্রে তার মুক্তির পথ দুরহ হয়ে যাবে। এ বিবেচনা থেকে এতদিন জামিন আবেদন করা হয়নি। কিন্তু এবার যেহেতু বেগম খালেদা জিয়ার শারীরিক অবস্থা গুরুতর এবং তিনি বেশ কিছুদিন সাজা খেটেছেন, এ কারণে নতুন করে জামিনের আবেদন করা হবে বলে বিএনপিপন্থী একজন আইনজীবী জানিয়েছেন।

# গরুর মাংস ৭৫০ টাকা ও মহিষের মাংস ৮০০ টাকা

**দামুড়হুদা প্রতিনিধি :** সব শ্রেণির মানুষ সামর্থ্য অনুযায়ী ভালো খাবার খেতে চান। আর এই চাহিদা ঘিরে সব পন্যের দাম বাড়িয়ে দেয়। আর এক শ্রেনীর অসাধু ব্যবসায়ীরা নিয়ম নীতির তোয়াক্কা না করে। জেলার ঐতিহ্যবাহী কার্পাসডাঙ্গা বাজারে সর্বত্র রুগ্ন, মরা ও পচা-গরু, মহিষ এমনকি গর্ভবতী ক্রয় করে গোশত বিক্রির অভিযোগ উঠেছে।

আর কম দামে এসব পশু ক্রয় করে বেশী মুনাফ-ার জন্য অসাধু কশাইরা কার্পাসডাঙ্গা বাজারে প্রতিদিন ৫থেকে ৬টা গরু ও মহিষের মাংস বেশী দামে বিক্রি করছে। একাধিক সরকারী সংস্থ্যা এসব পশু জবাইর তদারকীর নিয়ম থাকলও তাদেরকে দেখা যায়না বলে অভিযোগ করেন ভোক্তারা। মাংস বাজার ঘুরে এসব চাঞ্চল্যকর তথ্য পাওয়া গেছে।

জেলার দুরদরান্তে থেকে ভোরে বাজারে মাংস কিনতে এসে অভিযোগ করেন অনেকে কম দামে রুগ্ন,মরা পশু ক্রয় করে বেশী দামে বিক্রি করছে। গরুর মাংস প্রতি কেজি-৭৫০ টাকা ও, মহিষের মাংস ৮০০ টাকায় বিক্রি হচ্ছে। বিশেষ করে কার্পাসডাঙ্গা বাজার গতকাল সোমবার আছের কসাই, বিল্লাল মেম্বার (কসাই), আনার কসাই, পল্টু কসাইসহ প্রতিদিনই কেহ না কেহ রুগ্ন, পচা,

## দামুড়হুদা রুগ্ন গরু-মহিষের গোশত বিক্রির অভিযোগ




গর্ভবতী মহিষের মাংসো বিক্রি করতে দেখা যায় কার্পাসডাঙ্গা বাজার বিশেষ করে শুক্রবার, শনি ও সোমবার সকাল ৬ টা থেকে সকাল সাড়ে ৮ টার মধ্যে এসব মাংস বিক্রি করে থাকে। রুগ্ন গরুর মাংস আগের দিন গোপনে জবাই করে ফ্রিজ করে পরের দিন ভালো মাংসের সঙ্গে মিশে বিক্রি করতে দেখা যায়। মাংস কিনতে আসা অনেকে বলেন, মাংস ক্রয় করে খাওয়া দায় হয়ে দাঁড়িয়েছে।

অসাধু মাংস ব্যবসায়ীরা আমাদেরকে নিয়মিত ঠকাচ্ছে যদি বাজারে স্যানিটারি ইন্সপেক্টর নিয়মিত তদারকি করে তাহলে কিছুটা হলেও ভাল মাংস পাবো।

অপর দিকে প্রশাসনের পক্ষ থেকে সকল মাংসের মূল্য নির্ধারণ করা হলেও বাজারে তা মানা হচ্ছে না। বিক্রি হচ্ছে বিক্রেতার ইচ্ছেমতোই। পাশাপাশি মাংসের মূল্য নিয়ন্ত্রণে একাধিক সংস্থার বাজার তদারকি কার্যক্রম যথেষ্ট মনে করছেন না ভোক্তারা। এবিষয়ে মাংস ব্যবসায়ীরা কোন মন্তব্য করেননি। তবে ডাক্তারী পরীক্ষা এবং পবিত্র লোক ছাড়া কোন পশু জবাই করা যাবেনা। মাংসের গায়ে সরকারী কর্মকর্তার সীলসহ স্বাক্ষর থাকতে হবে, অনেক মাংস ব্যবসায়ী রাতেই পশু জবাই করে ভোরে বাজারে এনে বিক্রি শুরু করে। সংশ্লিষ্ট সরকারী প্রতিটি সংস্থা এর প্রতি নজর দেয়া প্রয়োজন।

দামুড়হুদা উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা তাছলিমা আক্তারের সাথে মোবাইল ফোনে একাধিকবার যোগাযোগ করা চেষ্টা করলেও ফোন রিসিভ করেননি।

এবিষয়ে দামুড়হুদা উপজেলা নির্বাহি অফিসার রোকসানা মিতা বলেন, বিষয়টি আমি গুরুত্বসহকারে দেখবো।



## বাড্ডায় মা-মেয়ের মরদেহ উদ্ধার, স্বামী আটক

**ডেস্ক রিপোর্ট :** রাজধানীর বাড্ডা থানাধীন মেরুল বাড্ডা এলাকার একটি বাসা থেকে মা ও মেয়ের মরদেহ উদ্ধার করেছে পুলিশ। মৃতরা হলেন, মাহমুদা আক্তার বৃষ্টি (৩৩) ও তার মেয়ে সানজা মারওয়া (১০)। এ ঘটনায় বৃষ্টি আক্তারের স্বামী সেলিমকে (৪০) জিজ্ঞাসাবাদের জন্য আটক করেছে বাড্ডা থানা পুলিশ।

মঙ্গলবার (১৩ জুন) দিনগত রাতে এ ঘটনা ঘটে। খবর পেয়ে রাত ৩টার দিকে বনশ্রী ফরাজী হাসপাতাল থেকে তাদের উদ্ধার করে পুলিশ। পরে মা-মেয়েকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক বুধবার সকাল সাড়ে ৬টার দিকে দুজনকেই মৃত ঘোষণা করেন।

বিষয়টি নিশ্চিত করেছেন বাড্ডা থানার উপ-পরিদর্শক (এসআই) মো. সাদেক। তিনি বলেন, খবর পেয়ে বনশ্রী ফরজী হাসপাতাল থেকে মা-মেয়েকে উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক দুজনকেই মৃত ঘোষণা করেন। পরিবারের অভিযোগের ভিত্তিতে স্বামী সেলিমকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হয়েছে। তিনি জানান, প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে তাদের দুজনকে শ্বাসরোধ করে হত্যা করা হয়েছে। ময়নাতদন্তের প্রতিবেদন পেলে মৃত্যুর সঠিক কারণ জানা যাবে।

মাহমুদা আক্তারের মামা সোহেল জানিয়েছেন, মাহমুদার সাত-আট মাস বয়সী আরও এক সন্তান রয়েছে। সেলিম কিছুই করতেন না। ফ্ল্যাটের ভাড়া তুলে সংসার চালাতেন। মেরুল বাড্ডার একটি ভবনের আট তলায় তারা থাকতেন।




## গাংনী জাতীয় পুষ্টি সপ্তাহ উপলক্ষে পুরষ্কার বিতরণ

**নিজস্ব প্রতিবেদক :** মেহেরপুরের গাংনীতে জাতীয় পুষ্টি সপ্তাহের সমাপনী উপলক্ষে পুরষ্কার বিতরণ করা হয়েছে। আজ বুধবার দুপুরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হলরুমে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে প্রধান অতিথী ছিলেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক।

উপজেলা স্বাস্থ্য ও প.প কর্মকর্তা সুপ্রভা রাণীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথী ছিলেন গাংনী থানার ওসি (তদন্ত) মনোজিৎ কুমার নন্দী ও সমাজ সেবা অফিসার আরশাদ আলী। আসাদুল ইসলাম লিটনের সঞ্চালনায় এ অনুষ্ঠানে বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী ও সাংবাদিকগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ১২ জন শিক্ষার্থীর মাঝে পুরষ্কার বিতরণ করা হয়।




## গাংনী তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে উপজেলা টাস্কফোর্সের ত্রৈমাসিক সভা

**নিজস্ব প্রতিবেদক :** তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে মেহেরপুরের গাংনী উপজেলা টাস্কফোর্সের ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার দুপুরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হলরুমে অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথী ছিলেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক।

উপজেলা স্বাস্থ্য ও প.প কর্মকর্তা সুপ্রভা রাণীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথী ছিলেন কৃষি সম্প্রসারণ কর্মকর্তা আব্দুর রউফ ও গাংনী থানার ওসি (তদন্ত) মনোজিৎ কুমার নন্দী। বক্তব্য রাখেন আবাসিক মেডিকেল অফিসার আব্দুল্লাহ আল মারুফ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের টীম লীডার ইসাহক আলী ও সেনেটারী ইন্সপেক্টর মশিউর রহমান।

অনুষ্ঠানে বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী ও সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।



## এক লাখ লোককে নিরাপদে সরিয়ে নিয়েছে ভারত

**আন্তর্জাতিক ডেস্ক :** আজ বৃহস্পতিবার বিকেলে ভারত ও পাকিস্তানে আঘাত হানতে পারে শক্তিশালী ঘূর্ণিঝড় 'বিপর্যয়'। এই প্রাকৃতিক দুর্যোগ থেকে বাসিন্দাদের সুরক্ষার জন্য নিরাপদে সরিয়ে নিচ্ছে এশিয়ার পারমাণবিক ক্ষমতাধর প্রতিবেশী দেশ দুটি। দুদেশ মিলিয়ে এক লাখেরও বেশি বাসিন্দাকে সরিয়ে নেওয়া হয়েছে। গতকাল বুধবার এ তথ্য জানিয়েছে ফরাসি সংবাদ সংস্থা এএফপি। প্রতিবেদনে গণমাধ্যমটি জানিয়েছে, ঘূর্ণিঝড় বিপর্যয় আঘাত হানবে এমন এলাকাগুলো থেকে এক লাখের বেশি বাসিন্দাকে সরিয়ে নিয়েছে ভারত ও পাকিস্তান। আবহাওয়া পূর্বাভাসকারীরা সতর্ক করে আজ জানিয়েছেন, ভয়ঙ্কর ঘূর্ণিঝড়টি ব্যাপক ধ্বংসযজ্ঞ চালাবে। বাড়িঘর থেকে শুরু করে বিদ্যুতের লাইনগুলো ভেঙে যেতে পারে। পর্যবেক্ষকরা বলছেন, আজ বৃহস্পতিবার সন্ধ্যায় স্থলভাগে আঘাত হানবে আরব সাগরে সৃষ্ট হওয়া এই ঘূর্ণিঝড়টি। এটি ক্রমশই আরও শক্তিশালী হচ্ছে। এএফপি জানিয়েছে, ভারতের গুজরাটের মান্দবি থেকে পাকিস্তানের করাচি পর্যন্ত ৩২৫ কিলোমিটার উপকূলীয় এলাকায় ঘূর্ণিঝড়টির প্রভাব থাকবে। স্থলভাগে আঘাত হানার সময় তীব্র বাতাস, জলোচ্ছ্বাস ও ব্যাপক বৃষ্টিপাত হতে পারে। ভারতের আবহাওয়া বিভাগ পূর্বাভাস দিয়ে বলছে, আজ বৃহস্পতিবার গভীর রাতে ঘূর্ণিঝড়টি জাখাউয়ের কাছে আঘাত হানবে।

## জার্মানিতে গরমে বছরে ২০ হাজার মৃত্যু

**আন্তর্জাতিক ডেস্ক :** জার্মানির স্বাস্থ্যমন্ত্রী কার্ল লাউটারবাখ গত মঙ্গলবার জানান, তীব্র গরমে নানান অসুখে ভুগে জার্মানিতে প্রতিবছর পাঁচ থেকে ২০ হাজার মানুষের মৃত্যু হচ্ছে। এমন মৃত্যু ঠেকাতে শিগগিরই একটি 'হিট প্রোটেকশন প্ল্যান্ন তৈরির পরিকল্পনা করেছেন তিনি। জলবায়ু পরিবর্তনের কারণে ভবিষ্যতে জার্মানিতে গরম আরো বাড়বে বলে মনে করছেন স্বাস্থ্যমন্ত্রী লাউটারবাখ। তিনি বলেন, 'আমরা যদি কিছু না করি তাহলে প্রতিবছর আমরা কয়েক হাজার প্রাণ হারানো, যা অপ্রয়োজনীয়ন্ন স্বাস্থ্যমন্ত্রী বলেন, 'আমাদের বুঝতে হবে যে গরম সংক্রান্ত মৃত্যু প্রতিরোধে জার্মানি ভালো অবস্থানে নেইন্ন জার্মানির আবহাওয়া অফিস ডিডাব্লিউডি জানিয়েছে, তথ্য সংগ্রহ শুরু হওয়ার পর জার্মানি ও ইউরোপে ২০২২ সালটি উষ্ণতম বছরগুলোর একটি ছিল। ফ্রান্সকে অনুসরণ করে একটি হিট প্রোটেকশন প্ল্যান করার পরিকল্পনা করছেন জার্মানির স্বাস্থ্যমন্ত্রী লাউটারবাখ।

## উত্তর কোরিয়ার কাছে ক্ষতিপূরণ চেয়ে মামলা দক্ষিণের



**আন্তর্জাতিক ডেস্ক :** তিন বছর আগে উত্তর কোরিয়ার গুড়িয়ে দেওয়া লিয়াজোঁ কার্যালয়ের জন্য ক্ষতিপূরণ বাবদ সাড়ে তিন কোটি ডলার চেয়ে মামলা করেছে দক্ষিণ কোরিয়া। অস্ত্র কর্মসূচিকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করা পিয়ংইয়ংয়ের সঙ্গে প্রতিবেশী সিউলের মধ্যকার সম্পর্কে ফাটল যে আরও গভীর হয়েছে বুধবারের এই মামলাই তার সাক্ষ্য দিচ্ছে বলে জানিয়েছে বার্তা সংস্থা রয়টার্স। দুই কোরিয়ার সম্পর্ক উন্নয়নের লক্ষ্যে ২০১৮ সালে উত্তরের অংশে কায়েসংয়ে ওই লিয়াজোঁ কার্যালয়টি স্থাপন করা হয়েছিল।

দক্ষিণের অপপ্রচারমূলক কর্মকাণ্ডের পাল্টা প্রতিক্রিয়া দেখানোর হুঁশিয়ারি দেওয়ার পর ২০২০ সালে পিয়ংইয়ং কার্যালয়টি গুড়িয়ে দেয়। বুধবারের মামলাটি করা হয়েছে সিউলের সেন্ট্রাল ডিস্ট্রিক্ট আদালতে, এটাই উত্তরের বিরুদ্ধে দক্ষিণ কোরীয় সরকারের প্রথম মামলা, বলেছেন এক কর্মকর্তা। উত্তর কোরিয়া সাধারণত বিদেশি সাংবাদিকদের করা কোনো প্রশ্নের জবাব দেয় না। দক্ষিণের মামলার প্রতিক্রিয়ায় তাদের তাৎক্ষণিক কোনো মন্তব্যও পাওয়া যায়নি। দুই দেশের মধ্যে উত্তেজনা নিরসন ও একে অপরের কাছাকাছি আসার লক্ষ্যে একাধিক প্রকল্প নিয়ে প্রত্যাশা থেকে ওই লিয়াজোঁ কার্যালয়টি খোলা হয়েছিল।

দক্ষিণ কোরিয়ার কর্মকর্তারা বলছেন, ধ্বংস হওয়া ওই কার্যালয় এবং তার কাছেই অবস্থিত মারাত্মক ক্ষতিগ্রস্ত একটি ১৫ তলা ভবনের জন্য তাদের আর্থিক ক্ষতি হয়েছে সাড়ে তিন কোটি ডলার।



## গ্রিসের উপকূলে নৌকাডুবিতে ৫৯ অভিবাসনপ্রত্যাশীর মৃত্যু

**আন্তর্জাতিক ডেস্ক :** গ্রিসের দক্ষিণ উপকূলের পেলোপনিস দ্বীপের কাছে অভিবাসপ্রত্যাশীদের বহন করা একটি নৌকাডুবির ঘটনা ঘটেছে। দেশটির স্থানীয় সময় গতকাল বুধবার ভোরের দিকের এই ঘটনায় নিহত হয়েছে ৫৯ জন। এই সংখ্যা আরও বাড়তে পারে বলে ধারণা করা হচ্ছে। উদ্ধার করা হয়েছে শতাধিক অভিবাসনপ্রত্যাশীকে। খবর এএফপির। গ্রিসের কোস্টগার্ডের বরাতে এক প্রতিবেদনে ফরাসি সংবাদ সংস্থাটি জানিয়েছে, আয়োনিয়ান সাগরের আন্তর্জাতিক সমুদ্রসীমায় নৌকাডুবির এই ঘটনা ঘটে। তীব্র বাতাস ও সমুদ্র উত্তাল থাকায় উদ্ধারকাজ ব্যাহত হচ্ছে। উদ্ধারকাজে নৌবাহিনীর জাহাজের পাশাপাশি, সেনাবাহিনীর একটি বিমান ও হেলিকপ্টারসহ ছয়টি নৌকা অন্তর্ভুক্ত ছিল। গ্রিসের কোস্টগার্ড বলছে, 'আজ ভোরের দিকে একটি মাছ ধরার নৌকা ডুবে যায়, যেটিতে বহু অভিবাসনপ্রত্যাশী ছিল। ভোর থেকেই উদ্ধার অভিযান চালানো হচ্ছে।' সংস্থাটি আরও জানিয়েছে, উদ্ধার করা লোকদের কালামাতা এলাকায় আনা হয়েছে। এর মধ্যে চারজনের অবস্থা আশঙ্কাজনক। তাদের হেলিকপ্টারে করে পোর্ট হাসপাতালে পাঠানো হয়েছে। অভিবাসনপ্রত্যাশীদের এই নৌকাটি প্রথম শনাক্ত করা হয় গতকাল বুধবার বিকেলে।

## বিনোদন

### ঈদে আসছে নিরব-বুবলীর 'ক্যাসিনো'

**বিনোদন ডেস্ক :** 'জয় আর পরাজয়ের মাঝের সময়টাই লাক!' নিরবের মুখে এমন সংলাপ দিয়ে ক্যাসিনোর টিজারের শুরু হয়েছে। এরপরই রাস্তার পাশ থেকে উদ্ধারকৃত বিপুল পরিমাণ অর্থ পুলিশের হাতে আসে। এরপর শুরু হয় উত্তেজনা। সৈকত নাসির পরিচালিত এ সিনেমাতে আছেন নিরব, বুবলী ও তাসকিন। প্রকাশিত ওই টিজারে কখনও আবেদনময়ী, কখনও রহস্যময়ী বুবলীকে দেখা গেছে। অন্যদিকে নিরব হাজির হয়েছেন গোয়েন্দা পুলিশ হিসেবে, আছেন 'ঢাকা অ্যাটাক' খ্যাত আলোচিত অভিনেতা তাসকিন রহমান। এক মিনিটের টিজারটি নেটিজেনদের নজর কেড়েছে। অনেকেই বলছেন, সিনেমাটি মুক্তির পর আলোচনায় আসবে। টিজারটিতেও সিনেমার মূল বিষয়বস্তু ক্যাসিনোর অন্ধকার জগতকে তুলে আনা হয়েছে বলে জানা গেছে। নিরব বলেন, শুটিং শেষ করার পরপর ছবিটি মুক্তি পেলে হয়তো ভালো হতো। কিন্তু টানা প্রায় দুই বছর কোভিডসহ আরও কিছু সমস্যা ছিল।

ফলে মুক্তি দেওয়া যায়নি। এখন মুক্তি পেতে যাচ্ছে ছবিটি। ভালো গল্পের ছবি এটি, কাজও ভালো হয়েছে। ঈদ উৎসবে দর্শকের কাছে খারাপ লাগবে না ছবিটি। বুবলী বললেন, ছবিটি অবশেষে মুক্তি পাবে, ভালো লাগছে।

### যুক্তরাষ্ট্রে যাচ্ছেন জায়েদ খান

**বিনোদন ডেস্ক :** চলচ্চিত্র অভিনেতা হলেও সিনেমার চেয়ে বাইরের বিভিন্ন কর্মকাণ্ড নিয়ে আলোচনায় বেশি থাকেন জায়েদ খান। এবার অবশ্য তিনি সংবাদের শিরোনামে অন্য কারণে। যুক্তরাষ্ট্রে আয়োজিত ঢালিউড ফিল্ম অ্যান্ড মিউজিক অ্যাওয়ার্ডে অংশ নিতে দ্বিতীয়বারের মতো নিউইয়র্কে যাচ্ছেন এ চিত্রনায়ক। জায়েদ খানের দাবি, তার যুক্তরাষ্ট্র সফর নিয়ে সেখানকার প্রবাসী বাংলাদেশিরা উন্মুখ হয়ে আছেন। এমনকি গত তিন ধরে যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক, ক্যালিফোর্নিয়া, ফ্লোরিডা, নিউ জার্সিসহ কয়েকটি অঙ্গরাজ্যে বসবাসরত বাংলাদেশিদের কাছ থেকে ফোনকল পাচ্ছেন বলেও জানান তিনি। আয়োজক সূত্রে জানা গেছে, নিউইয়র্কের জ্যামাইকার অ্যামাজুরা মিলনায়তনে ২৫ জুন অনুষ্ঠিত হবে ঢালিউড মিউজিক অ্যাওয়ার্ড। পরবর্তীতে আগামী ১ জুলাই ভার্জিনিয়ার হিল্ড্রন হাইস্কুল মিলনায়তনে অনুষ্ঠিত হবে ঢালিউড ফিল্ম অ্যাওয়ার্ড। জেমস, চঞ্চল চৌধুরী, মোশাররফ করিম, তাহসান, মিশা সওদাগর, অমিত হাসান, শারমীন সুলতানা সুমী, সাজু খাদেম, প্রতীক হাসান, পূজা চেরি, কেয়া পায়েলের মতো তারকারা এতে অংশ নেবেন। এ বিষয়ে সংবাদমাধ্যম প্রথম আলোকে জায়েদ খান বলেন, "আমাকে নিয়ে ভক্তদের আগ্রহ কেমন, সেটা ফেসবুকে গেলেই বুঝতে পারবেন। যে কারণে যখন ঘোষণা করা হলো আমি অ্যাওয়ার্ড অনুষ্ঠানে অংশ নিতে যুক্তরাষ্ট্রে যাচ্ছি, তখন সেখানকার ভক্ত ও পরিচিত অনেকেই ফোন দিচ্ছে। তাদের একই কথা, জায়েদ ভাই, দেশ ছাড়বেন কবে? আমি তাদের বলেছি, শিগগিরই দেখা হবে। ঈদের আগেই সেখানে যাব।"



২০১৭ সালে প্রথমবারের মতো ঢালিউড ফিল্ম অ্যান্ড মিউজিক অ্যাওয়ার্ডে অংশ নিয়েছিলেন জায়েদ খান। এ চিত্রনায়কের দাবি, পাঁচ বছর আগের চেয়ে তার জনপ্রিয়তা এখন বেড়েছে। ভক্তদেরও তাকে নিয়ে আগ্রহ বেশি। দেড় দশকের ক্যারিয়ারে ২০টির মতো সিনেমায় অভিনয় করা জায়েদ খান বলেন, "এখন বিভিন্ন অনুষ্ঠানে গেলে সবাই আমাকে ঘিরে ধরে, ব্যক্তিগত বিষয়ে কথা বলে। সেগুলো নিয়ে এখন আর কথা বলতে চাই না। এখন যুক্তরাষ্ট্রের অনুষ্ঠানে যাওয়ার প্রস্তুতি নিচ্ছি।

সেখানে হয়তো নাচ-গান বা অন্য কোনো পারফরম্যান্স থাকবে। সব মিলিয়ে ঢালিউড অ্যাওয়ার্ডে অংশগ্রহণ নিয়ে আমি খুবই এক্সাইটেড।" সাম্প্রতিক সময়ে জায়েদ খানকে ঘিরে সৃষ্ট আলোচনার অধিকাংশই তার ব্যক্তিগত জীবন বিষয়ক মন্তব্যকে ঘিরে। যার বেশিরভাগই প্রেম, বিয়ে এবং নারী ভক্ত সংক্রান্ত। নারীরা তার জন্য পাগল- এ ধরনের কথাবার্তা বলে সম্প্রতি অনেকবারই খবরের শিরোনামে এসেছেন জায়েদ খান। সাম্প্রতিক সময়ে বিভিন্ন সংবাদমাধ্যমে দেওয়া সাক্ষাৎকারে ঢাকাই সিনেমার এ অভিনেতা-সংগঠক জানান, নারীদের কাছ থেকে তিনি যত প্রেম নিবেদন পেয়েছেন- তা অবিশ্বাস্য। এ প্রসঙ্গে জায়েদ বলেন, "আমার মধ্যে কোনো লুকোচুরি নেই। আমাকে ঘিরে কোনো বদনাম ঢালিউডে পাবেন না। অনেকে আমার ক্ষতি করার চেষ্টা করেন।



### আসা নেহা কক্কর যেভাবে কোটিপতি

**বিনোদন ডেস্ক :** বিয়ের তিন বছরও পার হয়নি। তার মধ্যেই বিচ্ছেদের সুরের গুঞ্জন শোনা যেতে শুরু করেছে বলিউডের অন্যতম জনপ্রিয় গায়িকা নেহা কক্করকে ঘিরে। ৩৫ বছরে পা দেয়ার সঙ্গে সঙ্গে গায়িকার ব্যক্তিগত জীবন নিয়ে একরাশ জল্পনা তৈরি হয়েছে। তবে জল্পনা, বিতর্ক কি নেহার জীবনে এই প্রথম? ১৯৮৮ সালের ৬ জুন উত্তরাখণ্ডে জন্ম নেহার। দুই ভাইবোন-সহ বাবা-মায়ের সঙ্গে একটি মাত্র ঘরে ঠাসাঠাসি করে থাকতেন গায়িকা। সুখ্যাতি হওয়ার পর বহু সাক্ষাৎকারেই নেহা জানিয়েছিলেন যে তাদের পরিবারের আর্থিক পরিস্থিতি ভাল ছিল না। কক্কর পরিবারের অর্থাভাবের কারণেই নাকি নেহাকে জন্ম দিতে চাইছিলেন না গায়িকার মা। নব্বইয়ের দশকের গোড়ায় রোজগারের কারণে পরিবার-সহ দিল্লি চলে যান নেহা। একটি মাত্র ঘরে দুই ভাইবোন এবং বাবা-মায়ের সঙ্গে থাকতেন নেহা। খুব কম বয়সেই নেহা বুঝে যান যে তাকে পরিবারের পাশে দাঁড়াতে হবে। চার বছর বয়স থেকে ভজন গাইতে শুরু করেন তিনি। সংবাদ সংস্থা সূত্রে জানা যায়, যে এক ঘরের ভাড়াবাড়িতে নেহার পরিবার থাকত, সেখানে আলাদা ভাবে কোনো রান্নাঘরও ছিল না। ঘরের একটি টেবিলের উপর রান্নাবান্নার ব্যবস্থা করেছিলেন নেহার মা।

শৈশব থেকেই কষ্ট করে বড় হয়েছেন নেহা। ভজন গাওয়ার সময় থেকে গানবাজনার প্রতি আগ্রহ জন্মায় নেহার। কোথাও ছোটখাটো অনুষ্ঠান হলে সেখানেও গান গাইতেন নেহা। গানের প্রতি আগ্রহ থেকেই নেহা সিদ্ধান্ত নেন যে তিনি গানের রিয়্যালিটি শোয়ে অংশগ্রহণ করবেন। ২০০৪ সালে নেহা তার ভাই টোনি কক্করের সঙ্গে মুম্বাই চলে যান। মুম্বাই যাওয়ার দু'বছর পর ভারতের একটি জনপ্রিয় রিয়্যালিটি শোয়ে অংশগ্রহণও করেন তিনি। নেহা ভেবেছিলেন এই শোয়ে নিজের সঙ্গীতপ্রতিভার মাধ্যমে শ্রোতাদের মন জয় করবেন তিনি। কিন্তু প্রতিযোগিতায় তার যাত্রা বেশি দিনের ছিল না। শুরুর দিকেই প্রতিযোগিতা থেকে বাদ পড়ে যান ১৮ বছর বয়সি নেহা। যে রিয়্যালিটি শোয়ের মাধ্যমে গায়িকা হিসেবে পরিচিতি গড়বেন ভেবেছিলেন, তা থেকেই বাদ পড়ে গিয়েছিলেন নেহা। কিন্তু এর ফলে দমে যাননি তিনি। আবার নতুন করে নিজের কেরিয়ার তৈরির পথ খুঁজে বার করেছেন নেহা। ২০০৮ সালে নেহা নিজের একটি গানের অ্যালবাম প্রকাশ করেন। সেই সময় টোনির সঙ্গে একটি মিউজিক অ্যালবামেও কাজ করেন তিনি। ২০০৯ সালে এ আর রহমানের সুরে 'ব্লু' ছবির একটি গানে গলা মিলিয়েছিলেন নেহা। সেই গানে সমবেত শিল্পীদের মধ্যে একটি কণ্ঠ ছিল নেহার। ২০০৯ সালে সম্প্রচারিত 'না আনা ইস দেশ লাডো' নামের হিন্দি ধারাবাহিকের গানে নিজের কণ্ঠ দেন নেহা। গানের পাশাপাশি অভিনয়ও শুরু করেন তিনি। ২০১০ সালে মুক্তিপ্রাপ্ত 'ইসি লাইফ মে...!'

### শাহরুখ খানের বিরুদ্ধে মামলার শুনানী মঙ্গলবার

**বিনোদন ডেস্ক :** ছেলের কাণ্ডে ফেঁসে গেলেন বলিউড বাদশা শাহরুখ খান। এবার তাকে কাড়গড়ায় দাঁড়াতে হচ্ছে। কারণ তার বিরুদ্ধে অভিযোগ ছেলেকে বাঁচাতে তিনি নাকি ঘুষ দিয়েছেন। এ কারণে তার বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। জানা যায়, ছেলে আরিয়ান খানকে বাঁচাতে ঘুষ দেওয়ার অভিযোগে বলিউড বাদশা শাহরুখ খানের বিরুদ্ধে মামলা দায়ের হয়েছে। ভারতের বম্বে হাইকার্টে জনস্বার্থে এই মামলা হয়েছে। আগামী মঙ্গলবার এই মামলার শুনানি অনুষ্ঠিত হবে। ইন্ডিয়া টুডে এ খবর প্রকাশ করেছে। মামলা আবেদনে বলা হয়েছে, মহারাষ্ট্রের নারকোট্রিক্স কন্ট্রোল ব্যুরোর (এনসিবি) প্রাক্তন কর্মকর্তা সমীর ওয়াংখেড়ের বিরুদ্ধে মামলা দায়ের করেছে সেন্ট্রাল ব্যুরো অব ইনভেস্টিগেশন (সিবিআই)।

## ঝিনাইদহ জেলার শ্রেষ্ঠ কৃষি কর্মকর্তা হরিণাকুণ্ডুর হাফিজ হাসান

**মোঃ আবু সাইদ,হরিণাকুন্ডু :** ঝিনাইদহ জেলার শ্রেষ্ঠ কৃষি কর্মকর্তা হিসেবে নির্বাচিত হয়েছেন হরিণাকুন্ডু উপজেলা কৃষি কর্মকর্তা হাফিজ হাসান। ১৯৮১ সালের ০৮ই জানুয়ারি কুষ্টিয়া জেলায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহন করেন। তার পিতার নাম হারুন অর রশিদ ও মা হাজেরা খাতুন। তিনি ২০২০সালের ৫আগষ্ট হরিণাকুন্ডু উপজেলা কৃষি কর্মকর্তা হিসেবে যোগদান করেন।




উল্লেখ্য, ঝিনাইদহের জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম মাসিক স্টাফ রিভিউ সভায় জেলার শ্রেষ্ঠ কর্মকর্তা হিসাবে হরিণাকুণ্ডু উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ হাফিজ হাসান এর হাতে সম্মাননা ক্রেষ্ট তুলে দেন। অফিস পরিচালনায় দক্ষতা, কৃষকদের মানসম্মত ও দ্রুত সেবাদান, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের একক স্মার্ট হিজলী ভিলেজ মডেল বাস্তবায়নসহ নানাবিধ বিষয় বিবেচনায় নেওয়া হয়।

## 'শৈলকুপার খবর' ফেসবুক আইডিতে প্রকাশিত সংবাদের প্রতিবাদ



গত ১৪জুন শৈলকুপার খবর ফেসবুক আইডিতে প্রকাশিত সংবাদের তীব্রনিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। উক্ত সংবাদে যে সব উল্লেখ করে হয়েছে তা নিছক গুজব ও মনোমালিন্য সৃষ্টির জন্য এ পাঁয়তারা। শৈলকুপার খবর ফেসবুক আইডি থেকে ভুয়া, মিথ্যা ও বানোয়াট সংবাদ পরিবেশন করেছে। যা আমার মতামত ছাড়া প্রকাশ করা হয়েছে। এই পোস্টটি শৈলকুপার খবর ফেসবুক আইডির নিজস্ব মতামত। শৈলকুপার গণমানুষের নেতা আব্দুল হাই এমপি এর নেতৃত্বে সবাই ঐক্যবদ্ধ। কেউ এসব গুজব এ কান দেবেন না। যেহেতু আমি এম আব্দুল হাকিম আহমেদ ,শৈলকুপা উপজেলা পরিষদের চেয়ারম্যান সেহেতু আমি সংসদ সদস্য পদে মনোনয়ন প্রত্যাশী নই। আগামী সংসদ নির্বাচনে আমার পরম শ্রদ্ধেয় নেতা মোঃ আব্দুল হাই এমপি মহোদয়কে সমর্থন করি। আশা করি উনি মনোনয়ন পাবেন এবং শৈলকুপা বাসী উনাকে সমর্থন করেন ও পূনরায় বিপুল ভোটের ব্যবধানে উনাকে নির্বাচিত করবেন। শৈলকুপার গণমানুষের নেতা আব্দুল হাই এমপি এর নেতৃত্বে সবাই ঐক্যবদ্ধ। কেউ এসব গুজববে কান দেবেন না ।

**এম আব্দুল হাকিম আহমেদ,**
**শৈলকুপা উপজেলা পরিষদ চেয়ারম্যান,**
**শৈলকুপা,ঝিনাইদহ।**

## হারিয়েছে

আমি শ্রী প্রসেনজিৎ কুমার , পিতাঃ শ্রী রতন ঘোষ, মাতাঃ শ্রীমতি কৃষ্ণা রানী, গ্রামঃ পরমানন্দপুর, ডাকঘরঃ খড়িখালী-৭৩০০, উপজেলা+জেলাঃ-ঝিনাইদহ। আমার এস.এস.সি পরীক্ষার মূল সনদপত্র হারিয়েছে যার রোল নং-২৩১০৬৫, রেজিঃ নং-১১১৩৩১৮৩০৬, বিভাগঃ মানবিক, শিক্ষাবর্ষঃ- ২০১২-২০১৩ ইং, পাশের সনঃ-২০১৪, শিক্ষা বোর্ডঃ যশোর, ঝিনাইদহ থানায় জিডি ট্র্যাকিং নং-9NN1FO, জিডি নং-৮৬০, তারিখ-১৪/০৬/২০২৩ ইং।

**শ্রী প্রসেনজিৎ কুমার।**

## হারিয়েছে

আমার এস.এস.সি এর মুল সার্টিফিকেট হারিয়েগেছে। যার রোল নং-৫৫৯৫৩৬, শিক্ষাবর্ষ-১৯৯৪-৯৫,শাখা-মানবিক,প্রতিষ্ঠানের নাম-গাড়াগঞ্জ মাধ্যমিক বিদ্যালয়,শৈলকুপা,ঝিনাইদহ।বোর্ড-যশোর,বিভাগ-দ্বিতীয়, কেন্দ্রের নাম-শৈলকুপা সরকারী ডিগ্রী কলেজ,ঝিনাইদহ। শৈলকুপা থানার জিডি নং-৫৮৮,তারিখ-১২/০৬/২০২৩।

**মোঃ আসাদুজ্জামান খাঁন,**
**পিতা-মোঃ জয়নুদ্দীন খাঁন,**
**মাত-মোছাঃ নুরজাহান বেগম,**
**দহখোলা,দিগনগর,শৈলকুপা,ঝিনাইদহ।**